

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

যখন তিনি কামরার ভেতরে নামাযে দাঁড়িয়েছিলেন, তখন ফেরেশতারা তাঁকে ডেকে বললেন যে, আল্লাহ তোমাকে সুসংবাদ দিচ্ছেন ইয়াহইয়া সম্পর্কে, যিনি সাক্ষ্য দেবেন আল্লাহর নির্দেশের সত্যতা সম্পর্কে, যিনি নেতা হবেন এবং নারীদের সংস্পর্শে যাবেন না, তিনি অত্যন্ত সংকর্মশীল নবী হবেন।

সূরা আল ইমরান ৩৯

দৈনিক

বীরত্বনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

শ্রদ্ধাশ্রম সিমেন্ট

ইস্রাইলের মজবুত সিমেন্ট

সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৭১১০২৭১০৪

মানুষের সমর্থন পেয়েছি এখন প্রতিশ্রুতি বাস্তবায়নের পালা
কীর্তনখোলা ডেস্ক
 নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নে বিএনপি সরকার নতুন যুদ্ধ শুরু করেছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ২ এর পাতায় দেখুন

পুশইন ও সংখ্যালঘু নির্যাতনের বিষয় পর্যবেক্ষণ করছে জামায়াত
কীর্তনখোলা ডেস্ক
 ভারত থেকে পুশইন ও সংখ্যালঘু নির্যাতনের বিষয়গুলো জামায়াতে ইসলামী পর্যবেক্ষণ করছে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

সংস্কারের বদলে পুরানো ব্যবস্থাই টিকিয়ে রাখতে চায় সরকার
কীর্তনখোলা ডেস্ক
 সংস্কারের বদলে পুরানো ব্যবস্থাই টিকিয়ে রাখতে চায় সরকার এমন মন্তব্য করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ২ এর পাতায় দেখুন

ভূমি উন্নয়ন করসংক্রান্ত আপত্তি সাত দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ
কীর্তনখোলা ডেস্ক
 ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রম জোরদার করতে ও সেবার গতি বাড়াতে নতুন নির্দেশনা দিয়েছে ভূমি মন্ত্রণালয়। ২ এর পাতায় দেখুন

ব্যয় ২৯ গুণ বাড়লেও মশার উপদ্রবে অতিষ্ঠ নগরবাসী

বিশেষ প্রতিবেদক

মশক নিবন কার্যক্রমের ব্যয় নিয়ে প্রশ্নের মুখে পড়েছে বরিশাল সিটি করপোরেশন (বিসিপি)। বছরের ব্যবধানে মশক নিধনে ২৯ গুণ ব্যয় বাড়লেও মশার উপদ্রবে অতিষ্ঠ নগরবাসী। নগরবাসীর অভিযোগ, বাস্তবে কার্যকর মশক নিধন কার্যক্রম চোখে না পড়লেও কাগজে-কলমে ব্যয়ের হিসাব বেড়েছে কয়েক গুণ। বিশেষ করে ২০২৩-২৪ অর্থবছরে যেখানে মশা মারার খরচ ছিল ২১ লাখ টাকার কিছু বেশি, সেখানে পরের অর্থবছরে সেই ব্যয় দেখানো হয়েছে সাড়ে তিন কোটিরও বেশি। আর চলতি অর্থবছরে এ খাতে বরাদ্দ রাখা হয়েছে ছয় কোটির বেশি। বরিশাল নগরীর ৪ নম্বর ওয়ার্ডের মহাবাজ এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, ওই এলাকার কোনো মশক নিধনের কার্যক্রম পরিচালনার দৃশ্য দেখনি তারা। তবে মশক নিধনে সিটি করপোরেশনে প্রতি বছর বরাদ্দের কথা শুনেছেন বলে জানান। ওই



এলাকার স্থানীয় বাসিন্দা শামীম হোসেন বলেন, সিটি করপোরেশন থেকে যে কবে কবে মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হয় তাই জানি না। মশক নিধনে সিটি করপোরেশন ফগার মেশিন ব্যবহার করে কি না জানতে চাইলে তিনি প্রথমবারের মতো এই নতুন শুনেছেন বলে জানান তিনি। অথচ বিসিপির ব্যয় বিবরণীতে দেখা যায়, ২০২৪-২৫ অর্থবছরে মশা নিধনে চার কোটি টাকা খরচ দেখানো হয়েছে, যার মধ্যে প্রায় অর্ধেকোটা টাকা ব্যয় হয়েছে ফগার মেশিন কেনায়। বিসিপির হিসাব শাখার তথ্য অনুযায়ী প্রকাশিত বাজেট পর্যালোচনায় দেখা যায়, ২০২৩-২৪ অর্থবছরে পরিচ্ছন্নতা শাখার মোট ব্যয় ছিল ৩৫ লাখ ৯৪ হাজার ১৪৫ টাকা। এর মধ্যে মশা নিধনে ২১ লাখ ৪৯ হাজার ১৪৫ টাকা, বর্জ্য ব্যবস্থাপনা ১৪ লাখ ১৪ হাজার ২০০ টাকা এবং পরিচ্ছন্নতাসাধনী কেনায় ৩০ হাজার টাকা ব্যয় করা হয়। অন্যদিকে ২০২৪-২৫ অর্থবছরে মশা নিধনে ২ এর পাতায় দেখুন

আসামে ভূমিকম্প কাঁপল বাংলাদেশও

কীর্তনখোলা ডেস্ক
ভারতের আসামের দক্ষিণ সালমায়া মানকাচারে ৩ দশমিক ৬ মাত্রার ভূমিকম্প আঘাত হেনেছে। যার প্রভাবে বাংলাদেশের উত্তরাঞ্চলের বিভিন্ন জেলা কেঁপে উঠেছে। অগ্ন্যুৎপাত ও ভূমিকম্প বিষয়ক ওয়েবসাইটে উল্কারো ডিসকভারি জানিয়েছে, শনিবার স্থানীয় সময় দুপুর ২টা ৪০ মিনিটে ভূমিকম্পটি হয়। এটি আসামের ধুবরী থেকে ৩৪ কিলোমিটার দূরে সংঘটিত হয়। ভূমিকম্পটির গভীরতা এখনো নিরূপণ করা যায়নি। তবে এটি অগভীর ছিল বলে ধারণা করা হচ্ছে। ২ এর পাতায় দেখুন

মৃত্যু ১২ জনের বাংলাদেশ থেকে সৌদি পৌঁছেছেন ৫০ হাজার হজযাত্রী

কীর্তনখোলা ডেস্ক
পরিব্র হজ ২০২৬ উপলক্ষে সৌদি আরবের হজযাত্রীদের আগমনের ধারা অব্যাহত রয়েছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ ব্যবস্থাপনা পোর্টালের আইটি হেল্পডেস্কের সর্বশেষ বুলেটিন অনুযায়ী, ৮ মে ২০২৬ (সৌদি সময়) পর্যন্ত সর্বমোট ৫০ হাজার ৯৬ জন হজযাত্রী দেশটিতে পৌঁছেছেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৭১ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৪৬ হাজার ২ এর পাতায় দেখুন

বিয়েতে রাজি না হওয়ায় সানজিদাকে হত্যা করে হিমু

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে প্রেমিকাকে হত্যার লোহমর্ষক বর্ণনা দিয়েছেন আসামি হিমু। অক্টবর (৮ মে) বিচারকের সামনে হত্যার বর্ণনা তুলে ধরেন তিনি। জবানবন্দিতে হিমু জানিয়েছে, বিয়ে করতে রাজি না হওয়ায় প্রেমিকাকে কলেজছাত্রী সানজিদা করির আনিতাকে বাসায় ডেকে হত্যা করে পালিয়ে যায় সে। এর অত্যাচারে হিমু (৭ মে) সকালে বরিশাল-ঢাকা মহাসড়কের উজিরপুর উপজেলার ইচলাদীতে বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সেক্টর টোলপ্রাঙ্গণে গুলি করে হিমুকে গুলোর করে হত্যার সদস্যরা। প্রতীকিত পর মাত্র একটি মিনিটের ভিতরে নির্মাণ ২ এর পাতায় দেখুন



পটুয়াখালী সদর হাসপাতাল পরিদর্শনে এমপি আলতাফ হোসেন চৌধুরী

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী সদর হাসপাতালের চিকিৎসা সেবার মান উন্নয়ন ও রোগীদের খোঁজবর নিতে হাসপাতাল পরিদর্শন করেছেন পটুয়াখালী-১ আসনের সংসদ সদস্য এবং হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির নবনির্বাচিত সভাপতি আলতাফ হোসেন চৌধুরী। শনিবার (৯ মে) সকালে তিনি হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেখেন এবং রোগীদের সঙ্গে সরাসরি কথা বলেন। সংসদ সদস্য হাসপাতালের জেনারেল ওয়ার্ড, জরুরি বিভাগ এবং বহির্বিভাগ পরিদর্শন করেন। এসময় তিনি চিকিৎসাধীন রোগীদের খোঁজবর নিতে চান। এছাড়াও হাসপাতালের অভ্যন্তরীণ পরিবেশ ও পরিচ্ছন্নতার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন তিনি। পরিদর্শন শেষে আলতাফ হোসেন চৌধুরী বলেন, ‘পটুয়াখালীবাসীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করা আমাদের অগ্রাধিকার। সদর হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির নবনির্বাচিত সভাপতি হিসেবে আমার লক্ষ্য থাকবে সাধারণ মানুষ ২ এর পাতায় দেখুন

বরিশালে পরিবহন শ্রমিক-শিক্ষার্থী সংঘর্ষ: বাস ভাঙচুর, আহত ২

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে শিক্ষার্থীদের সঙ্গে বাস শ্রমিকদের সংঘর্ষ হয়েছে। এসময় বিএম কলেজের শিক্ষার্থীদের বিরুদ্ধে বিএমএফ পরিবহনের একটি বাস ভাঙচুরের অভিযোগ উঠেছে। শুক্রবার (৮ মে) রাতে নগরীর নুতলাবাদ বাস টার্মিনাল সংলগ্ন কবি মুকুন্দ দাস কালি বাড়ির সামনে এ ঘটনা ঘটে। বাসচালক রাজা মল্লিক জানান, উজিরপুরের ইচলাদী পাঙ্গ থেকে তেল নেওয়ার পর বাস ছাড়ার সময় শাকিল নামের এক শিক্ষার্থী বাসের সামনে দাঁড়িয়ে মোবাইলে কথা বলছিলেন। তাকে সরে যেতে বললেও না সরায় হর্ন দেওয়া হয়। এ নিয়ে দু'পক্ষের মধ্যে বাগবিতণ্ডা হয়। চালকের অভিযোগ, পরে ওই শিক্ষার্থী বাসের ছবি তুলে ছমকি দেন। বালটি বরিশালে পৌঁছালে ২০-২৫ জন ব্যক্তি রড, পাইপ ও লাঠি নিয়ে বাসে উঠে হামলা চালায়। এতে চালক আহত হন এবং ২ এর পাতায় দেখুন



পাঁচগুণ রোগীর চাপে বিপর্যস্ত শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল

কীর্তনখোলা রিপোর্ট
ত্রিপুর চিকিৎসক সংকট ও ধারণক্ষমতার পাঁচগুণ রোগীর চাপে বিপর্যস্ত বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতাল। ৫৮ বছরের পুরোনো অবকাঠামোয় তিল ধারণের জায়গা না থাকায় মেরোতে, বারান্দাতে চলছে রোগীদের চিকিৎসা। প্রতিনিয়ত ভর্তি থাকছে সক্ষমতার পাঁচগুণেরও বেশি ২৫০০ রোগী।

পাশাপাশি নেই সংকটাপন্ন রোগীদের জন্য ‘জিটিক্যাল কেয়ার মেডিসিন’ বিভাগও। ফলে দক্ষিণাঞ্চলের প্রায় এক কোটি মানুষের চিকিৎসাসেবা এখন চরম ভোগান্তি ও বন্ধনায় পরিণত হয়েছে। এ হাসপাতালের আন্তঃবিভাগে সর্বোচ্চ ৫০০ রোগীকে সেবা দেওয়ার জায়গা থাকলেও প্রতিদিন ভর্তি থাকছে সক্ষমতার পাঁচগুণেরও বেশি ২৫০০ রোগী।

শত শত শিক্ষকের চিকিৎক, সন্তান মারার প্রকাত বাসনা ত্যাগানোঁত ও ত্যাককর্কবন বরিশাল সরকারি ব্রহ্মদেবন কলেজ, বাঙ্গলা বিকাশের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রালয় শিক্ষাবোর্ডের সাবেক পরিচালক নিম্নলিখক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রণয়নকারের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পর্দীকর, সরকারি অট্টপলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

২য় পাণ্ডার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

ব্রুক জিন্দা

সদর রোড, বরিশাল

01932-314219

ইসলামিয়া লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01711-26496৩

অংকুর লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01708-868515

অংকুর লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01708-868514

খন্দকার লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01711-047767

নিউ মাহবুব লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01763-107720

রহমান বুক হাউজ

সদর রোড, বরিশাল

01718-670945

মজুমদার লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01716-139268

অমৃত লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01719-408049

নিউ কলেজ লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01726-074663

হক লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01724-851658

আশরাফিয়া লাইব্রেরি

সদর রোড, বরিশাল

01717-488083




বরিশাল প্রেসক্লাব ও জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি, প্রবীণ সাংবাদিক ও আইনজীবী ইসমাইল হোসেন নেগাবান মর্টুকে শ্রদ্ধা জানাচ্ছেন সাংবাদিক নেতৃবৃন্দ

-কীর্তনখোলা

বরিশালে সাংবাদিক নেগাবান মর্টুর ইন্তেকাল, তথ্যমন্ত্রীর শোক

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল প্রেসক্লাব ও জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি, প্রবীণ সাংবাদিক ও আইনজীবী ইসমাইল হোসেন নেগাবান মর্টু ইন্তেকাল করেছেন। ইম্মা শিলাহি ওয়া ইম্মা ইশাহিহি রাজিউন। শনিবার সকাল ৯টায় ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার বয়স হয়েছিল ৭৩ বছর। বরিশাল



প্রেসক্লাবের সভাপতি অধ্যক্ষ আমিনুল ইসলাম খসরু জানিয়েছেন, শনিবার রাত ৯টায় নগরীর আমানতগঞ্জ টিভি হাসপাতাল মাঠে নামাজে জানাযা শেষে তাকে বরিশাল মুসলিম পোরস্থানে দাফন করা হবে। প্রবীণ সাংবাদিক নেগাবান মর্টুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন এমপি। শোকবার্তায় তিনি মরহমের আত্মার মাপফিয়াত কামনা করে শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জানান। এছাড়াও শোক প্রকাশ করেছেন বরিশাল প্রেসক্লাবের সভাপতি অধ্যক্ষ আমিনুল ইসলাম খসরু, সাধারণ সম্পাদক এসএম জাকির হোসেন, বরিশাল রিপোর্টার্স ইউনিটির সভাপতি আনিসুর রহমান খান স্বপন ও সাধারণ সম্পাদক খালিদ সাইফুজ্জাম্ব, বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আযাদ আলআউদীন ও সাধারণ সম্পাদক মোঃ হাফিজুর

রহমান হীরাহহ বিভিন্ন সাংবাদিক সংগঠনের নেতৃবৃন্দ। উল্লেখ্য, অ্যাডভোকেট ইসমাইল হোসেন নেগাবান মর্টু দীর্ঘদিন ডেইলি বাংলাদেশ অবজারভার পত্রিকার বরিশাল প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি তিনি বরিশাল আদালতের সরকারি কৌসুলি (পিপি) হিসেবেও দায়িত্ব পালন করেন।

রসুলপুরে ইয়াবা, গাঁজা ও টাকাসহ নারী মাদক ব্যবসায়ী গ্রেফতার
কীর্তনখোলা রিপোর্ট
 বরিশাল নগরীর রসুলপুর এলাকায় অভিযান চালিয়ে ১০৫৮ পিস ইয়াবা, ১ কেজি

৯ দিন পর স্কুলছাত্রী মুনীরার খোঁজ মিলেছে মামার বাসায়
কীর্তনখোলা রিপোর্ট
 নিখোঁজের ৯ দিন পর বরিশালের স্কুলছাত্রী মুনীরা আক্তারের সন্ধান মিলেছে। বর্তমানে সে ঢাকা আগারগাঁওয়ে মামার বাসায়

বরিশালে হাম ও হাম উপসর্গে ৩১ জনের মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে হামের উপসর্গ নিয়ে আরও দুই শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে বরিশাল বিভাগে হাম উপসর্গ ও আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা দাঁড়ালে ৩১ জনে। শনিবার (৯ মে) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছে হাসপাতালের প্রশাসনিক শাখা। হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, ৫ মে হাম উপসর্গ নিয়ে পটুয়াখালী সদরের বাদারা এলাকার বাসিন্দা মো. আকাসের ১০ মাস বয়সী ছেলে মোহাম্মদ উল্লাহকে ভর্তি করা হয়। চারদিন চিকিৎসাধীন থাকার পর শুক্রবার রাতে তার মৃত্যু হয়। অন্যদিকে ১ মে পটুয়াখালীর পাগলা এলাকার বাসিন্দা ইলিয়াসের ৭ মাস বয়সী মেয়ে আয়শাকে হাম নিয়ে হাসপাতালে ভর্তি হয়। ৯ দিন চিকিৎসাধীন থাকার পর শনিবার সকালে তার মৃত্যু হয়েছে। শেবাচিমের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মশিউল মুনির বলেছেন, হাম থেকে মারাত্মক ধরনের নিউমোনিয়া হওয়ায় মৃত্যু হয়েছে শিশু দুটির। এ পর্যন্ত হামের উপসর্গ নিয়ে এই হাসপাতালে ভর্তি ২ এর পাতায় দেখুন

২ এর পাতায় দেখুন

দৈনিক

বীরত্বনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে।

আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

মম্মাদকীয় কার্যকর নিয়ন্ত্রণ জরুরি

নিতাপন্যের বাজার দ্রুত অস্থিতিশীল হয়ে পড়ছে। পাইকারি বা চুটরা উভয় ক্ষেত্রেই দাম লাফিয়ে বাড়ছে। প্রকাশিত খবরে বলা হয়, গত তিন মাসে নতুন করে দাম বেড়েছে চাল, ডিম, ভোজ্যতেল, সবজি, মাছ-মাংস, এলপিজি গ্যাসসহ প্রায় সব পণ্যের। এতে নিম্নবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারগুলো সবচেয়ে বেশি বিপাক্ষে পড়ছে। রাজধানীর ফুটরা বাজারে গত তিন মাসের ব্যবধানে কয়েকটি সবজির দাম সর্বোচ্চ ১৬৭ শতাংশ পর্যন্ত বেড়েছে। রান্নায় ব্যবহৃত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিগ্যি) ১২ কেজির সিলিভারের দাম ৪৩ শতাংশ পর্যন্ত বেড়েছে। বাজারে ফার্মের মুরগির ডিমের দাম ২২ শতাংশ পর্যন্ত বেড়ে গেছে? কিন্তু এই বৃদ্ধি কতটা যৌক্তিক, তা দেখার কোনো উদ্যোগ বা নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই। পণ্যের দামের ক্ষেত্রে পরিবহন খরচ বৃদ্ধি কত শতাংশ প্রভাব ফেলতে পারে, তা নির্ণয় করা হয় না। ফলে যে যার মতো সুবিধা নিচ্ছে। আবার সবজি ব্যবসারীরা কলহেন, বুট্টির কারণে সরবরাহ কমছে এবং পরিবহন ব্যয় বেড়েছে। ফলে মৌসুমি সবজির উৎপাদন বাড়লেও দাম কমছে না। এ কারণে কাঁচা পেপের দাম ১৬৭ শতাংশ পর্যন্ত বাড়তে পেরে? কিংবা বেতনের দাম কেনে ১০০ শতাংশ পর্যন্ত বাড়বে? গত ব্যবহার প্রকাশিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) হালদাদা ভোজ্য মূল্যসূচক (সিপিআই) প্রতিবেদনে দেখা যায়, ২০২৯ সালের এপ্রিলে পনের গড় মূল্যসূচক বেড়ে দাঁড়িয়েছে ৯.০৪ শতাংশে, যা মার্চে ছিল ৮.৭১ শতাংশ। এই হার মাসে গত বছরের এপ্রিল মাসে যে পণ্য বা সেবা ১০০ টাকায় কোনো ভোত, তা কিনতে এখন খরচ করতে হচ্ছে ১০৯ টাকা তার পয়সা। এছাড়া এলপি গ্যাসের মূল্যবৃদ্ধি নিয়ে সবচেয়ে বেশি ভোগাধিগে পোচ্ছে। সম্প্রতি দুই দফায় বাড়ানো হয়েছে এলপি গ্যাসের দাম। এতে ১২ কেজির সিলিভারের দাম এক হাজার ৩৫৬ থেকে বেড়ে হয়েছে এক হাজার ৪৪০ টাকা। কিন্তু সেই দামেও সিলিভার পাওয়া যায় না। দোকানগুলোতে দাম দেওয়া হয় দুই হাজার ২০০ টাকার মতো। এভাবে ক্রমগত দাম বাড়লেও মানুষের আয় কি একই হারে বাড়ছে? না, নাড়ছে না। ফলে মানুষের ভোগান্তি বাড়ছে এবং কমছে শরীরের জন্য প্রয়োজনীয় পুষ্টির চাহিদা পূরণের ক্ষমতা। আবার অপুষ্টির শরীরে বাড়ছে রোগ-বাধির হানা। শুভ ভা-ই নয়, চিকিৎসার ব্যয়ও দ্রুত বাড়ছে। বাংলাদেশে উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এক গবেষণায় উঠে এসেছে, সাধারণ মানুষের চিকিৎসা ব্যয়ের চাপ আশঙ্কাজনকভাবে বেড়েছে। বর্তমানে দেশের মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৯ শতাংশই মানুষকে নিজের পকেট থেকে বহন করতে হচ্ছে। এতে দক্ষিণ পরিবারগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাদের আয়ের প্রায় ৫৫ শতাংশ পর্যন্ত স্বাস্থ্য ব্যয়ে চলা যাচ্ছে। অনেক পরিবার চিকিৎসা করতে গিয়ে নিঃশ্ব হয়ে যাচ্ছে। আবার অনেকে অর্থীভাবে চিকিৎসাও নিচ্ছে না। গ্যাস্‌ডিক, রক্তচাপ, বাতহুর্ন, হাঁপানি ও ডায়াবেটিসের মতো দীর্ঘমেয়াদি রোগে চিকিৎসা ৮০ শতাংশের বেশি মানুষ চিকিৎসা নেয় না বলেও তথ্য পাওয়া যায়। অসুবিধাবিহ্ন ও ভোজ্য অধিকার সংশ্লিষ্ট ব্যক্তিরা কলহেন, কান্ধের বাজার তারকারি অভ্যস্ত জরুরি। নিতাপণ্যে কর-ভাটী কমাতে হবে। টিসিবি এবং এএসএস কার্যক্রমে বাড়ানোর পাশাপাশি মধ্যস্বত্বভোগীদের দৌরাধা নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নিতে হবে।

ভূমি উন্নয়ন করসংক্রান্ত

নির্দেশনায় বলা হয়েছে, হেফ্‌িং খোলার আবেদন যাচাই শেষে সর্বোচ্চ ৪৮ ঘণ্টার মধ্যে নিষ্পত্তি করতে হবে। এ ছাড়া ভূমি উন্নয়ন কর সংক্রান্ত আপত্তি সাত দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দেওয়া হয়েছে। ভূমি মন্ত্রণালয় থেকে সম্প্রতি দেশের সব সহকারী কমিশনারকে (ভূমি) পাঠানো চিঠিতে এসব নির্দেশনা দেওয়া হয়েছে। এতে বলা হয়-ক) ভূমি উন্নয়ন কর দেওয়ার জন্য হেফ্‌িং খোলার আবেদন যাচাই শেষে অনধিক ৪৮ ঘণ্টার মধ্যে নিষ্পন্ন করতে হবে। খ) অনুমোদনযোগ্য না হলে উপযুক্ত কারণ উল্লেখ করে বাতিল করতে হবে, যা নাগরিকরা জানতে পারেন। গ) সহকারী কমিশনারের (ভূমি) কাছে ভূমি উন্নয়ন করের পরিমাণ, বকেয়া নয়, জমির ব্যবহারভিত্তিক শ্রেণি বিষয়ে আপত্তি দায়ের হলে এ বিষয়ে সাত দিনের মধ্যে সিদ্ধান্ত দিতে হবে।

সংস্কারের বদলে পুরোনো

ও বিরোধীদায় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, জনগণ কাঠামোতে পরিবর্তনের পক্ষে মত দিয়েছে। কিন্তু ক্ষমতাসীন মহল বেছে বেছে সামান্য কিছু সংশোধনের মাধ্যমে পুরোনো ক্ষমতা কাঠামো টিকিয়ে রাখতে চাইছে। শনিবার (৯ মে) সকালে রাজধানীর একটি হোটেলে ‘সংস্কার অচলাবস্থা: উত্তরণের পথ’ শীর্ষক সন্মেলানে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, ২০২৪ সালের জুলাই বিপ্লব কোনো সাধারণ আন্দোলন ছিল না; এটি ছিল একটি ঐতিহাসিক জাতীয় জাগরণ। ছাত্র, শ্রমিক, পেশাজীবী, বুদ্ধিজীবী ও সাধারণ মানুষ এমন একটি কর্তৃত্ববাদী ব্যবস্থার বিরুদ্ধে একত্রিত হয়েছিল। যে ব্যবস্থা ক্ষমতা কেন্দ্রীভূত করেছিল, প্রতিষ্ঠানগুলো দুর্বল করেছিল, নির্যাস প্রভাবিত করেছিল এবং মতপ্রকাশের স্বাধীনতা সীমিত করেছিল। তিনি বলেন, বাংলাদেশের জনগণ নামরাজ সংস্কার নয়, বরং কাঠামোগত পরিবর্তন চেয়েছিল। তারা এমন একটি প্রজাতন্ত্র প্রত্যাশা করেছিল, যেখানে ব্যক্তি নয়, প্রতিষ্ঠান শক্তিশালী হবে; দায়মুক্তির পরিবর্তে জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে। নাহিদ ইসলাম বলেন, কর্তৃত্ববাদী সরকারের প্রতিনিধি অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসের নেতৃত্বে একটি অন্তর্বর্তী সরকার গঠিত হয়। সেই সরকারের সামনে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সংস্কার, দমন-পীড়নের শিকারদের বিচার নিশ্চিত করা এবং গণতান্ত্রিক উত্তরণের পথ তদারকির দায়িত্ব ছিল। তিনি আরও বলেন, এনসিপি গুরু থেকেই নতুন গণতান্ত্রিক সংবিধানের পক্ষে অবস্থান নিয়েছিল। তাদের মতে, ১৯৭২ সালের সংবিধান সময়ের সঙ্গে এমন এক কাঠামোয় রূপ নিয়েছে, যা নির্বাহী ক্ষমতাসর অতিরিক্ত কেন্দ্রীকরণ এবং রাষ্ট্রের ওপর একদলীয় আধিপত্যকে শক্তিশালী করেছে। নাহিদের ভাষ্য, রাজনৈতিক দলগুলোর বিরোধিতার কারণে নতুন সংবিধানের প্রস্তাব থেকে সরে আসা হয়। পরে ‘জুলাই সনদ’র আওতায় ন্যূনতম কিন্তু গুরুত্বপূর্ণ সংস্কারের বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হয়। তিনি বলেন, বিচার বিভাগের স্বাধীনতা, সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো নির্বাহী হস্তক্ষেপ থেকে রক্ষা এবং আনুপাতিক প্রতিনিধিত্বভিত্তিক উচ্চকক্ষ প্রতিষ্ঠাসহ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় এই সনদে অন্তর্ভুক্ত ছিল। এনসিপির আহ্বায়ক দাবি করেন, জুলাই সনদ ও ৪৮টি সংস্কার প্রস্তাবের ওপর অনুষ্ঠিত গণভাটে জনগণ বিপুল সমর্থন দেন। গণভাটে অনুযায়ী নবনির্বাচিত সংসদ সদস্যদের সমন্বয়ে একটি সাংবিধানিক সংস্কার পরিষদ গঠনের কথা ছিল, যা ১৮০ কার্যদিবসের মধ্যে সংস্কার এক্সিয়া সম্পন্ন করবে। তিনি অভিযোগ করেন, নির্বাচনের আগে বিএনপি এই কাঠামোর পক্ষে থাকলেও ক্ষমতায় আসার পর তারা অবস্থান পরিবর্তন করেছে। সরকার এখন সাংবিধানিক সংস্কার পরিষদ গঠন করতে অস্বীকৃতি জানাচ্ছে বলেও দাবি করেন তিনি। নাহিদ ইসলাম বলেন, অন্তর্বর্তী সময়ে প্রণীত কয়েকটি গুরুত্বপূর্ণ সংস্কার অধ্যাদেশ বাতিল করা হয়েছে। এর মধ্যে মানবাধিকার কমিশন শক্তিশালী করা, দূর্নীতি দমন কমিশনে স্বচ্ছ নিয়োগ নিশ্চিত করা, গুপ্ত প্রতিরোধ, পুলিশ তদারকি সংস্কার এবং বিচার বিভাগের স্বাধীনতা রক্ষাসংক্রান্ত উদ্যোগও রয়েছে। তার ভাষ্য, একই সময়ে নির্বাহী ক্ষমতা বাড়ায় এমন কিছু আইন ও বিধান বহারা রাখা হয়েছে কিংবা নতুনভাবে প্রণয়ন করা হয়েছে। ফলে আবারও কেন্দ্রীয়ভিত্তিক শাসনব্যবস্থার দিকে ফিরে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে।

পুশইন ও সংখ্যালঘু নির্যাতনের

দলটির অমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। জাণান সফর শেষে দেশে ফিরে (শনিবার) দুপুরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি গেটে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। তিনি

বলেন, 'কোনো বিশেষ ধর্মীয় গোষ্ঠীকে লক্ষ্য করে যেন নির্যাতন না করা হয়, সে বিষয়ে ভারত সরকারের প্রতি আহ্বান জানাচ্ছে জামায়াত।' এ সময় দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি, আন্তর্জাতিক চুক্তি এবং স্বাস্থ্যখাতে সহযোগিতা নিয়েও কথা বলেন তিনি। গাজীপুরে একই পরিবারের পাঁচজন নিহত হওয়ার ঘটনাসহ সাম্প্রতিক হত্যাকাণ্ডগুলোর উদাহরণ টেনে নিন্দা জানিয়ে বিরোধীদলীয় নেতা বলেন, ‘সরকার অতিরিক্ত রাজনৈতিক ব্যস্ততায় আইনশৃঙ্খলা পরিস্থিতির দিকে যথেষ্ট মনোযোগ দিতে পারছে না।’ ডা. শফিকুর রহমান আরও বলেন, ‘মুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের কিছু অসম চুক্তি রয়েছে। দেশের স্বার্থবিরোধী কোনো সিদ্ধান্ত হলে জামায়াত দায়িত্বশীল বিরোধীদল হিসেবে প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তুলবে।’ জাপান সফরের বিষয়ে তিনি জানান, কানসার আক্রান্তদের জন্য বাংলাদেশে বিশেষায়িত হাসপাতাল গড়ে তোলার উদ্যোগে ইতিবাচক অবস্থান জানিয়েছে জাপান।

মানুষের সমর্থন পেয়েছি

এসময় দলীয় নেতাকর্মীদের ইশতেহার বাস্তবায়ন সরকারকে সফল করতে সহযোগিতার আহ্বান জানান তিনি। শনিবার (৯ মে) কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে বিএনপি ও এর অঙ্গসংগঠনের মঠপর্যায়ের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। প্রণামস্বস্তী বহেনা, আমরা মানুষকে বলেছিলাম সুশাসন দেবো। আমরা এমন একটি দেশ তৈরি করতে চাই, যেখানে মানুষ শিক্ষার পরিবেশ পাবে, নারী-পুরুষ নিরাপদে রাস্তায় চলাচল করতে পারবে। আমাদের রাজনীতিতে আমরা কথা বলবো, বিতর্ক করবো, কিন্তু মানুষের ওপর নির্যাতনের পরিষে অমরা তৈরি করতে দেবো না। এখন আমাদের যুদ্ধ হচ্ছে মানুষকে যে কমিউনিস্ট করেছিলাম, তা বাস্তবায়ন করা। এয়োয় জাতীয় সংসদ নির্বাচন কাঠিন হয়েছে উল্লেখ করে তারেক রহমান বলেন, নির্বাচনে দলীয় নেতাকর্মীরা মাঠে ছিলেন এবং তারা পরিস্থিতি পরতে পরতে অনুভব করেছেন। তিনি বলেন, মানুষ আমাদের দলের পক্ষে ও ইশতেহারের পক্ষে সমর্থন দিয়েছে। নির্বাচনের আগে সেটি ছিল বিএনপির ইশতেহার। নির্বাচনের পর সেটি বাংলাদেশের মানুষের ইশতেহারে পরিণত হয়েছে। দেশের ৫২ শতাংশ মানুষ আমাদের ইশতেহারের পক্ষে সমর্থন দিয়েছে। বিএনপির নেতাকর্মীরা এখন সহযোগিতা না করলে আমরা সফল হতে পারবো না।

বরিশালে পরিবহন শ্রমিক-শিক্ষার্থী

বাসটি ভাঙুর করা হয়। তবে বাসে হামলার অভিযোগ অস্বীকার করেছেন ঘটনাস্থলে উপস্থিত শিক্ষার্থীরা। তাদের দাবি, বাস শ্রমিকরাই প্রথমে তাদের ওপর হামলা চালায়। এতে শিক্ষার্থী কওসার হোসেন শামিল গুরুতর আহত হন। বরিশাল জেলা বাস মালিক ফ্রপের সভাপতি মোশাররফ হোসেন বলেন, ভূচ্ছ ঘটনাকে কেন্দ্র করেই এই সংঘর্ষের সূত্রপাত হয়েছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের এয়ারপোট থানার ওসি মিজানুর রহমান জানান, বাসচালক ও শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় আহত শিক্ষার্থী কওসার হোসেন শামিল এবং বাসচালক রাজা মল্লিক বর্তমানে শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহিত্যোধীন।

পাঁচগুণ রোগীর চাপে বিপর্যস্ত

করলেও রোগীর সংখ্যা অত্যধিক বৃদ্ধি পাওয়ায় সর্কেটি মোটেও কাল্টেনি। ফলে বর্তমানে এ হাসপাতালের ৭০ শয্যার শিশু বিভাগেই চিকিৎসা নিচ্ছে ধারণক্ষমতার পাঁচগুণ ৩৫০ জন রোগী। বাড়েনি চিকিৎসকেরের পদ। পুরোনো অর্গানোথ্রাম অনুযায়ী যে সংখ্যক চিকিৎসক থাকার কথা তাও নেই এখনে। চিকিৎসক পদে মোট ৩২৩টি পদ মঞ্জুর করা থাকলেও পদায়ন করা হয়েছে মাত্র ২২৯ জনকে; ফলে এখনো মোট শয্যা আছে ৯৪টি পদ। এখানে বিশেষজ্ঞ চিকিৎসক (অধ্যাপক, সহযোগী ও সহকারী অধ্যাপক) পদে মোট ২৪৮টি পদ মঞ্জুর করা পদের মধ্যে ১৪৬টি পদ শূন্য। এর মধ্যে অধ্যাপক পদে ৫১টি পদের বিপরীতে ৩৮টি পদ শূন্য। সহযোগী অধ্যাপকের ৭৪টি পদের মধ্যে ৩৬টি পদ শূন্য। এছাড়া সহকারী অধ্যাপকের ১২৩ পদের মধ্যে ৭২টি পদ শূন্য অবস্থায় আছে। ফলে এখনে বর্তমানে কর্মরত ১০২ জন বিশেষজ্ঞ চিকিৎসক থাকলেও তারা রোগীদের চাপ সামলাতে পারছেন না। এত বছরে রোগীর সংখ্যা বাড়লেও টেকনোলজিস্ট পদে বাড়েনি পদ। পুরোনো অর্গানোথ্রামে টেকনোলজিস্ট পদে মঞ্জুর করা ২৭ পদের মধ্যেও ৭টি শূন্য পদ আছে। ফলে এখানকার রোগীদের প্যাথলজি পরীক্ষার জন্য যন্ত্রপাতি থাকলেও টেকনোলজিস্ট সংকটে তা সার্বক্ষণিক চালাতে ব্যর্থ হচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ। ২৪ ঘণ্টা প্যাথলজি ল্যাব সচল রাখতে ১৮ জন টেকনোলজিস্ট দরকার হলেও আছে মাত্র ৮ জন। শেবাচিমে মাত্র ১০ শয্যার আইসিউ থাকলেও সংকটাপন্ন রোগীদের সর্বোচ্চ সেবা দেওয়ার জন্য নেই ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন (সিসিএম) ইউনিট ও রুদরোগীদের চিকিৎসায় ব্যবহৃত ক্যাথল্যাব। ফলে রুদরোগীদের এনিজ্ঞগ্রাম করতেও যেতে হয় রাজধানী ঢাকায়। তাই সংকটাপন্ন অধিকাংশ রোগীর উন্নত চিকিৎসা দিতে পারছে না এ হাসপাতালটি। শেবাচিমে হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. একেএম মশিউল মুনির বলেন, ‘পুরোনো অবকাঠামো ও জনবল সংকটের মধ্যেও আমরা সর্বোচ্চ সেবা দিছি। ক্যাথল্যাব স্থাপনের প্রক্রিয়া চলছে এবং অল্যান্য সমস্যার সমাধানে নিয়মিত মন্ত্রণালয়ে যোগাযোগ রাখা হচ্ছে।’

পটুয়াখালী সদর হাসপাতাল পরিদর্শনে

যেন এখানে এসে হয়রানিমুক্ত এবং উন্নত মানের চিকিৎসা সেবা পায়। হাসপাতালের বেকোনো সংকট নিরসনে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে।’ এমপি আলতাফ হোসেন চৌধুরী হাসপাতালের সেবার মান বৃদ্ধিতে চিকিৎসক ও নার্সদের আরও আন্তরিক হওয়ার আহ্বান জানান। ৭এসময় সিভিল সার্জন ডাঃ মোঃ খালেকুর রহমান নিয়া, হাসপাতালের উত্তরাবায়ক দিলকুশা ইয়াসমীন ছিলো, চিকিৎসকবৃন্দ এবং স্থানীয় রাজনৈতিক নেতবৃন্দ উপস্থিত ছিলেন।

৯ দিন পর স্কুলছাত্রী মুনিরায়

নিখোঁজের দিনেই শিক্ষক মামুনের বাসা থেকে তার স্কুল ব্যাগটি উদ্ধার হয়। এই ঘটনায় থানায় লিখিত অভিযোগ করেন কিশোরীর বাবা মনির হাওলাদার। থানা প্রকক্ষে অনিচ্ছুক স্কুলছাত্রীর স্বজনদের দাবি, মুনিরা তার বাবা-মায়ের সঙ্গে অভিমান করে ঘর ছেড়েছিল। গত আটদিন সে বরিশালেই তার কোনো এক বান্ধবির কাছে ছিল। গুরুত্বের সাথে লক্ষ্যযোগে ঢাকায় যায় মুনিরা। মুনিয়ার বাবা মনির হাওলাদার বলেন, সকালে মুনিরা তার মায়ের মোবাইল নম্বর ফোন করে জানায়, সে ঢাকা আগারগাঁও এলাকায় মামা ওয়ারেনে উদ্দিনের বাসায় এসেছে। শনিবার সকালেই নাকি সে তার মামার বাসায় গিয়েছে। তবে এতো দিন কোথায়, কীভাবে ছিল তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। তিনি আরও বলেন, মেয়েকে খুঁজ পাওয়ার বিষয়টি সকালেই থানা পুলিশকে অবগত করছি। পরে আমি নিজেই মেয়েকে ফিরিয়ে আনতে ঢাকার রাস্তায় রওনা হই। মেয়ের সঙ্গে কথা বলার পর জানা যাবে, গত ৮ দিন সে কোথায় ও কীভাবে ছিল। আমরা হাওলাদার বলেন, মেয়ে এখন যেটা দাবি করেছে সেটাই পূরণ করছি। আমি দিনে কাজে যাই, রাতে ফিরি। বাসায় সব বাবা-মায়েরা সন্তানদের শাসন করে। তবে এমন কিছু ঘটেনি যে মেয়ে পালিয়ে যাবে। আমরা মেয়েকে ফিরে পেয়েছি, আমাদের আর কোনো অভিযোগ নেই। এখন পুলিশ প্রশাসন যেভাবে বলবে সেভাবে মেয়েকে উদ্ধার বা আমাদের হেফাজতে নেব। বরিশাল কোতোয়ালি মডেল থানার ওসি আল

মামুন উল ইসলাম বলেন, মেয়েটির খোঁজ মিলেছে আমরা শুনেছি। পরে তার বাবার সঙ্গে যোগাযোগ করছি। কিন্তু তারা এ বিষয়ে আমাদের কোনো সহযোগিতা করছে না। এমনকি তিনি আমাদেরকে কিছু না জানিয়েই মেয়েকে আনতে ঢাকার উদ্দেশে রওনায় করেছেন। মুনিরাকে পাওয়ার পর জানা যাবে সে কীভাবে নিখোঁজ হয়েছিল।

বরিশালে হাম ও হাম

রোগীর সংখ্যা ১ হাজার ৭৬৯ জন। গত ২৪ ঘণ্টায় এই হাসপাতালে হাম উপসর্গ নিয়ে ভর্তি হয়েছে ৪৩ জন। এর মধ্যে বর্তমানে চিকিৎসাধীন ১৭০ জন। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক ডা. মোহাম্মদ লোকমান হাকিম বলেছেন, গত ২৪ ঘণ্টায় বরিশাল বিভাগে হামের উপসর্গ পাওয়া গেছে ১০৮ জনের। নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে ১১১ জন। বরিশাল বিভাগে এখন পর্যন্ত সন্দেহভাজন হাম রোগীর সংখ্যা ৪ হাজার ৪৬৪ জন। এদের মধ্যে নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১৩৩ জন।

রসুলপুরে ইয়াবা, গাঁজা ও টাকাসহ

বস্ত্রি এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। শ্রেষ্ঠার হওয়া বাকি হলেন সোহাগী বেগম (২৮)। তিনি রসুলপুর এলাকার বাসিন্দা। অভিযানে তার স্বামী রেজাউল শিকদার রেজা (৩০) পালিয়ে যান বলে জানিয়েছে কর্তৃপক্ষ। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, সোহাগী বেগম ও রেজাউল শিকদার রেজার টিনের ঢালা ও টিনের বেড়াযুক্ত দোলা বসততরে অভিযান চালিয়ে একটি প্রাস্টিসের ব্যাগ থেকে ১ কেজি ১৩০ গ্রাম লুজ গাঁজা এবং ৮২টি গাঁজার পুরিয়া, যার ওজন ৪৫০ গ্রাম, উদ্ধার করা হয়। এছাড়া একটি পার্স ব্যাগের ভেতর থেকে ৪টি জিপারযুক্ত পলিথিনে রাখা ১০৫৮ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। উদ্ধার হওয়া ইয়াবার মোট ওজন ১০৫ দশমিক ৩০ গ্রাম। একই স্থান থেকে মাদক বিক্রির নগদ ৬ লাখ ৯৯ হাজার ৮০০ টাকা উদ্ধার করা হয়েছে বলেও জানায় অধিদপ্তর। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর সর্বশ্লিষ্ট ধারায় কোতোয়ালী মডেল থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে বলে নিশ্চিত করেছেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর উপপরিচালক।

বাংলাদেশ থেকে সৌদি পৌছেছেন

২৫ জন যাত্রী রয়েছে। চলতি বছর চীন দেশা সাপেক্ষে ২৬ মে হজ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ১৮ এপ্রিল থেকে শুরু হওয়া এই হজ যাত্রায় এখন পর্যন্ত মোট ১১৮টি ফ্লাইট পরিচালিত হয়েছে। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৫৯টি, সৌদি এয়ারলাইন্স ৪৭টি এবং ফ্লাইমেস এয়ারলাইন্স ২২টি ফ্লাইট পরিচালনা করেছে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ২৩ হাজার ৯১১ জন, সৌদি এয়ারলাইন্স ১৭ হাজার ৬৪৬ জন এবং ফ্লাইনাস এয়ারলাইন্স ৮ হাজার ৮৫৯ জন যাত্রী পরিবহন করেছে। সৌদি আরবে স্থাপিত চিকিৎসা কেন্দ্রগুলো থেকে এ পর্যন্ত ১৮ হাজার ৯৯৭টি স্বার্থক্রমে চিকিৎসা ব্যবস্থাপত্র দেওয়া হয়েছে। এ ছাড়া আইটি হেল্পডেস্ক ১৩ হাজার ১১টি সেবা প্রদান করেছে। বাংলাদেশ থেকে যাওয়া হজযাত্রীদের মধ্যে এ বছর এখন পর্যন্ত ১২ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ১০ জন পুরুষ ও ২ জন নারী। তাদের মধ্যে ১০ জন মারা গেছেন মক্কার ১০ জন এবং মদিনায় দুজন মারা গেছেন। সর্বশেষ মারা গেছেন তথ্যেরের মো. আব্দুল মতিন (৫৩)। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের ডা. অনুযায়ী, হজযাত্রীদের সৌদি আরবে যাওয়ার শেষ ফ্লাইট আগামী ২১ মে। হজের আনুষ্ঠানিকতা শেষে প্রথম ফিরতি ফ্লাইট শুরু হবে ৩০ মে এবং শেষ ফিরতি ফ্লাইট পরিচালিত হবে ৩০ জুন।

আসামে ভূমিকম্প

যেখানে ভূমিকম্পটি সংঘটিত হয়েছে সেখানকার বিস্তৃত অঞ্চলজুড়ে এটি অনুভূত হয়েছে। যেহেতু এটি অগভীর তাই উৎপত্তিস্থলেই ভূমিকম্পটি সবচেয়ে বেশি বেশি অনুভূত হয়েছে। সাধারণত গভীর ভূমিকম্প অনেক দূরের অঞ্চলেও টের পাওয়া যায়। এদিকে আসামের ভূমিকম্পের পর বাংলাদেশের উত্তরাঞ্চলের বিভিন্ন জায়গার মানুষ এটি অনুভব করার তথ্য জানান।

ব্যয় ২৯ গুণ বাড়লেও মশার

ব্যয় দেখানো হয়েছে ৩ কোটি ৫৪ লাখ ৩৩ হাজার ৪৭১ টাকা। একই সময়ে বর্জ্য ব্যবস্থাপনায় ব্যয় ধরা হয়েছে ১ কোটি ৫৮ লাখ ৬৯ হাজার ৬৪২ টাকা এবং পরিচ্ছন্নতাসামগ্রী কেনায় ব্যয় দেখানো হয়েছে ১ কোটি ২ লাখ ৮১ হাজার ১৭২ টাকা। চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে মশা নিধনের জন্য বরাদ্দ ধরা হয়েছে ৬ কোটি ৩০ লাখ ৫০ হাজার টাকা। এর মধ্যে বর্জ্য ব্যবস্থাপনায় রাখা হয়েছে ১ কোটি ৫৭ লাখ টাকা এবং পরিচ্ছন্নতা সামগ্রী জন্যে বরাদ্দ এক কোটির বেশি। বিসিপর হিসাব শাখায় তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরের মশা নিধনের জন্য ফগার মেশিন ক্রয়সহ মোট ছয় কোটি ৩০ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এর মধ্যে প্রায় ৮০ শতাংশ অর্থ এরই মধ্যে ব্যয় হয়েছে বলেও উল্লেখ রয়েছে। এই ব্যয়ের অসামঞ্জস্যতা নিয়ে বিশেষ প্রশংস করেছেন নগরবাসী। তাদের দাবি, ফগার মেশিনে মশা মারার কার্যক্রম কখনো চোখে পড়েনি। বরং হাতে বহনযোগ্য স্প্রে মেশিন ব্যবহার করতে দেখা গেছে পরিচ্ছন্নতাকর্মীদের। এদিকে বছরে বছরে মশক নিধনে সিটি কর্পোরেশনের ব্যয় বাড়লেও কমছে না মশা। মশার উপদ্রবে দিন-রাত অন্তর্ভ নগরবাসী। এমনকি দিনেও কয়েল জ্বালিয়ে রাখতে হচ্ছে। নগরীর ১৪নং ওয়ার্ডের গাজী বাড়ি এলাকার বাসিন্দা মিঠু খান জানান, অবস্থা এমন যে মশার উপদ্রব থেকে বাঁচতে দিনেও কয়েল জ্বালিয়ে রাখতে হয়। সন্ধ্যার পর বাইরে বের হলে মশা যেভাবে ঘিরে ধরে, মনে হয় উড়িয়ে নিয়ে যাবে। আর বাসনের তো মশারদি মধ্যেই রাখতে হয়। অথচ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষের এ ব্যাপারে কার্যকর তেমন কোনো উদ্যোগ দেখি না। নগরীর ১৯ নম্বর ওয়ার্ডের হাসপাতাল রোড এলাকার বাসিন্দা রাজ্জাক হাওলাদার বলেন, বর্ষা মৌসুম চলে এয়েছে। বৃষ্টি হলেই এডিস মশা বাড়বে। আবার গরমে বাতাসে অর্দ্রতা বেশি থাকলেও মশা বাড়বে। তাতে ডেঙ্গুর প্রকোপও বৃদ্ধির আশংকা আছে। সাধারণত জুন-সেপ্টেম্বর সময়ে ডেঙ্গুর প্রাদুর্ভাব বেশি। এ সময়কে ডেঙ্গুর মৌসুম বলা হয়। তবে সিটি কর্পোরেশন যে ঘণ্ডুষ ছিটাচ্ছে, তা মশা মারতে কতটা কার্যকর তা পরীক্ষা করে দেখা দরকার। বরিশাল সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা শাখার প্রধান ইউসুফ আলী বলেন, ২০২৪-২৫ অর্থবছরে মশা মারায় সাড়ে তিন কোটি টাকা ব্যয় দেখানো হয়েছে এটা বিশ্লেষণযোগ্য নয়। এ বিষয়ে আমরা কিছু জানি না। উর্ধ্বতন কর্তৃপক্ষ এ বিষয়ে ভালো বলতে পারবে। মশা মারতে রাসায়নিক আমরা যে খরচ হয়, তার চেয়ে বেশি কোনো বিল সাধারণত হয় না। ২০২৩-২৪ অর্থবছরে ২১ লাখ টাকা খরচ হলে সেখান থেকে সাড়ে তিন কোটি টাকা ব্যয় যাওয়া অবশ্যই প্রশংসিত। তবে তিনি দাবি করেন, মশার উপদ্রব বৃদ্ধি ও ডেঙ্গু পরিস্থিতির ভয়াবহতার কারণে এই খাতে বরাদ্দ ও ব্যয় আগের চেয়ে বৃদ্ধি করা হয়েছে। তাছাড়া মশা নিধনের কাজ নিয়মিত রকমে অনুযায়ী চলছে। বরিশাল সিটি কর্পোরেশনের বর্তমান প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরিন বলেন, এই ব্যয়ের বিষয়গুলো আমরা দায়িত্ব গ্রহণের আগে। তাই এ বিষয়ে বিস্তারিত জানা নেই। তখন দায়িত্ব ছিলেন বর্তমান বন ও পরিবেশ সচিব এবং সাবেক বরিশাল বিভাগীয় কমিশনার রায়হান কওজার। বিষয়টি নিশ্চিত তিনিই ভালো বলতে পারবেন। এছাড়া মশা নিধনে ব্যবহৃত রাসায়নিক কার্যকর না

হওয়ায় এরই মধ্যে ঠিকাদার পরিবর্তনের নির্দেশ দেওয়া হয়েছে।

বিয়েতে রাজি না হওয়ায়

হিমু ঝালকাঠি পৌর শহরের কাঠপাঠি এলাকার গোলাম মোর্শেদ জিলানী ওরফে মিস্টন আকনের ছেলে। হিমু তার মায়ের সঙ্গে বরিশাল নগরীর মুন্সিগ্যারেজ এলাকায় অল্পমোড় মিশন গ্রাইমারি স্কুল এলাকায় রাফি মঞ্জিলে ভাড়া থাকতেন। অন্যদিকে পটুয়াখালীর কলাপাড়া উপজেলার শাহিন হাওলার কবিরের মেয়ে, বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজছাত্রী সানজিদা কবির আনিতা। তার সঙ্গে হিমুর দুই বছর ধরে প্রেমের সম্পর্ক চলে আসছিল। গত ২৩ এপ্রিল সকাল সাড়ে ৯টায় সানজিদা তার বোনের বাসায় যাওয়ার কথা বলে নিজ বাসা থেকে বের হয়ে আর ফেরেনি। ওইদিন দুপুর দেড়টার পর প্রেমিক হিমুর মা বাসায় ফিরে দেখতে পান তালাবন্ধ ঘরে আনিতার মৃতদেহ খাটের ওপর পড়ে আছে। পরে কোতোয়ালি মডেল থানা পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠায়। একইদিন আনিতার বড় বোন হিমুসহ পাঁচজনকে অভিযুক্ত করে থানায় হত্যা মামলা দায়ের করেন। তবে ঘটনার পর থেকেই আত্মগোপনে ছিলেন প্রেমিক হিমু। বরিশাল মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালি মডেল থানার পরিদর্শক (তদন্ত) লুৎফর রহমান বলেন, অভিযুক্ত হিমু হত্যার দায় স্বীকার করে বরিশাল মেট্রোপলিটন ব্যাজিস্ট্রেট আদালতে স্বীকারভিন্নমূলক জবানবন্দি দিয়েছে। সে আদালতকে জ্ঞানদেছে, হিমু ও সানজিদার দুই বছরের প্রেমের সম্পর্ক ছিল। তবে প্রথম স্ত্রীকে হত্যার বিষয়টি জেনে যাওয়ায় দুয়নের মধ্যে গত তিন মাস ধরে সম্পর্কের টানাপোড়েন চলছিল। ঘটনার দিন সানজিদাকে নিজেস্ব বাসায় ডেকে নিয়ে হিমু। গিরের জন্য চাপ সৃষ্টি করে। এতে সে রাজি না হওয়ায় তাকে শ্বাসরোধে হত্যা করে পালিয়ে যায় হিমু।

ভয়াবহ আগুনে ভস্মীভূত

১৪ দোকান কোটি টাকার ক্ষতি

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর সদর উপজেলার শাড়িকতলা বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ১৪টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। শনিবার (৯ মে) দিবাগত রাত ১টার দিকে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে প্রায় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, গভীর রাতে বাজারের একটি দোকানে হঠাৎ আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যেই আগুন বড় হুড়িয়ে পড়ে আগুণের দোকানগুলোতে। এতে পুরো বাজার এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। স্থানীয় বাবসারী ও এলাকাবাসী আগুন নিয়ন্ত্রণের চেষ্টা চালালেও আগুনের তীব্রতা বেশি হওয়ায় তা সম্ভব হয়নি। খবর পেয়ে পিরোজপুর ফায়ার সার্ভিসের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দীর্ঘ প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, বাজারের একটি চায়ের দোকান থেকে আগুনের সূত্রপাত হতে পারে। তবে অগ্নিকাণ্ডের প্রকৃত কারণ এবং ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে কাজ করছে ফায়ার সার্ভিস। অগ্নিকাণ্ডে ফারসিন, ডেকোরেশন, মুগির দোকান, চায়ের দোকান ও চটপটির দোকানসহ মোট ১৪টি দোকান সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। এতে ব্যবসারীরা বর্ষব্যয় হারিয়ে দিগেহারা হয়ে পড়েছেন। ক্ষতিগ্রস্ত ব্যবসারীদের পাশে থাকার আশ্বাস দিয়েছো সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান। এদিকে দ্রুত ক্ষতিগ্রস্তদের সরকারি সহায়তা ও পুনর্বাসনের দাবি জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। স্থানীয় স্কুলশিক্ষক আসাদুজ্জামান বাবুল বলেন, রাত ১টার দিকে আগুন ছবর খবর পেয়ে ঘটনাস্থলে আসি। এ সময় এলাকাবাসী ও ফায়ার সার্ভিস কর্মীদের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হই। এতে প্রায় ১৪টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। এখানেকলা ইউপি সদস্য সুমন বলেন, একটি চায়ের দোকান থেকে আগুনের সূত্রপাত ঘটে। ফায়ার সার্ভিসকে খবর দিলে তারা এসে আগুন নিয়ন্ত্রণ করে। এ অগ্নিকাণ্ডের ঘটনায় প্রায় কোটি টাকার ক্ষতি হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

সাংবাদিক লিপুর্ ওপর হামলাকারীদের গ্রেফতারের দাবিতে মানববন্ধন

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠি প্রেসক্লাবের সদস্য ও দৈনিক দেশ রূপান্তর এবং এটিএন নিউজের ঝালকাঠি প্রতিনিধি মঈনুল হক লিপুর্ ওপর মাদক সন্ত্রাসী কর্তৃক হত্যার দায়ে আসামীদের গ্রেফতার ও বিচারের দাবিতে মানববন্ধন করেছে রাজাপুরের সাংবাদিক ও সচেতন নাগরিকবৃন্দ। শনিবার (০৯ মে) সকাল সাড়ে ১০টায় রাজাপুর উপজেলার প্রেসক্লাব চত্বরে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে বরষবা রাছেন, ঝালকাঠি প্রেসক্লাবের সভাপতি ও ঝালকাঠি জজ আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর অ্যাড.আকাশ সিকদার, ঝালকাঠি টেলিভিশন জার্নালিস্ট এসোসিয়েশনের আহ্বায়ক আল-আমিন তালুকদার, সদস্য সচিব আলেক সাহা, রাজাপুর প্রেসক্লাব সভাপতি মলিকজামান খান, উপজেলা যুবদলের আহ্বায়ক মাসুম বিল্লাহ পালজেজ, উপজেলা মহিলাদল নেত্রী রাকিবা আক্তার রিমু, সাংবাদিক আমিনুল ইসলাম সহ বিভিন্ন মিডিয়ায় কর্মরত সাংবাদিক ও স্থানীয়রা। এ সময় বক্তারা বলেন, সাংবাদিকের ওপর হামলাকারী মাদকবন্দী শান্ত বাহিনী'কে দ্রুত সময়ের মধ্যে গ্রেফতার ও বিচারের আওতায় আনতে হবে। মামলা হওয়ার তিনদিন অতিবাহিত হলেও এখন পর্যন্ত কোনো আসামীকে গ্রেফতার করতে পারেনি আইনশৃঙ্খলা বাহিনী। আমাদের বোধগম্য না যে, রাজাপুর থানা পুলিশ কি মাদক কারবানদের কাছ থেকে মাসোয়ারা ধার? তা না হলে এই ছিটকি মাদক কারবানদের এখনো কেন তারা গ্রেফতার করতে পারেনি? অতি দ্রুত সময়ের মধ্যে হামলায় জড়িত সকল আসামীদের গ্রেফতার সহ রাজাপুর উপজেলায় চিহ্নিত মাদক কারবানীদের গেফতার না করা হলে কঠোর আন্দোলনের ডাক দেয়া হবে। উল্লেখ, গত ৫ মে চুরির তথ্য সংগ্রহ করতে গিয়ে সাংবাদিক মঈনুল হক লিপুর্ ওপর হামলা চালায় মাদক কারবানী শান্ত বাহিনী। এ ঘটনায় ওই দিন রাতে রাজাপুর থানায় মঈনুল হক লিপু বাদী হয়ে মামলা দায়ের করেন।

মেননের মুক্তির দাবিতে বাবুগঞ্জে বিক্ষোভ

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জে বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির জেলা বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। একইসঙ্গে দলের সভাপতি ও সাবেক মন্ত্রী রাশেদ খান মেননের মুক্তির দাবিতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। শনিবার (৯ মে) বাবুগঞ্জ উপজেলার খানপুরা গণশিল্পী সংহার কার্যালয়ে বরিশাল জেলা ওয়ার্কার্স পার্টির উদ্যোগে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। সভ

পায়রায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধে ফাটল

হলে যেকোনো মুহূর্তে বাঁধটি ভেঙে নদীর পানি লোকালয়ে ঢুকে পড়বে। বাঁধটি ভেঙে গেলে নিশানবাড়িয়া ইউনিয়নের তেঁতুলবাড়িয়া, বড় অঙ্কুজান পাড়া, নলবুনিয়া ও আগাপাড়াসহ ১৫টি গ্রাম প্রাচিত হওয়ার আশঙ্কা রয়েছে। এতে ঘরবাড়ি, ফসলি জমি এবং মাছের মের ব্যাপক ক্ষতির মুখে পড়বে। তেঁতুলবাড়িয়া গ্রামের বাসিন্দা বাবুল হাওলাদার, সেলিম মাতুব্বর বলেন, ‘প্রতি বছরই বাঁধ মেয়ামত হয় কিন্তু স্থায়ী কোনো সমাধান হয় না। এবার মেঘাবর্ষে ফাটল ধরছে আমরা এখন আতঙ্কে রাত্রে ঘুমাতে পারছি না যেকোনো সময় বাঁধ ভেঙে পানি ঢুকে পড়তে পারে। তাই দ্রুত টেকসই বাঁধ নির্মাণের দাবি জানাই।’ তেঁতুলবাড়িয়া গ্রামের য়াটোপর্ষ হাসিনা বেগম বলেন, ‘বানভা ভাইসা গ্যালে মোণো কপালভা পুইয়া যাইবে। বানভা ভাসবে হেই ডরে রাইহতে ঘুমাইনা। বানভা ভাইসা গ্যালে মোরা পানিতে ডুইব্যা মইরয়া যামু।’ নলবুনিয়া গ্রামের সুন্দর আলী বলেন, ‘মোণো খাচাইতে অবৈলে ব্যামাফা উচা বান লাগবে। ছোড খাডো বান দ্যালে বানভা আবোর ভাইসা যাইবে।’ নিশান বাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ড. কামরুজ্জামান বাচ্চু মিয়া বলেন, ‘তেঁতুলবাড়িয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধে ভেঙাবার ফাটল দেখা গিয়েছে তাতে দূ-এক দিনের মধ্যে পায়রা নদীতে বিলিন হয়ে যাবে। বাঁা না থাকলে ইউনিয়নের হাজার হাজার মানুষ পানিতে ভাসতে থাকবে। তাই বাঁধটি অতিদ্রুত সংস্কারের জন্য পানি উন্নয়ন বোর্ডের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। পানি উন্নয়ন বোর্ড তালতলী উপজেলার উপসহকারী প্রকৌশলী মো. হিমেদ বলেন, তেঁতুলবাড়িয়া এলাকার ভায়নের বিষয়টি স্বীকার করে বলেন, ‘উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তালতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাহিদুল পরিদর্শন করে ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়েছে। বরগুনার পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আবদুল হাদ্যান প্রধান বলেন, ‘বাঁধে ফাটলের বিষয়টি আমি জেনেছি। ভাঙন রোধে অতিদ্রুত ব্যবস্থা নেওয়া হবে। স্থায়ীভাবে সমাধানের জন্য রুরা কর্মসূচির জন্য প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়া হয়েছে। তিনি আরো বলেন, স্থানীয়রা জিন প্রদান করলে রিবোঁধ করে দেওয়া হবে।

পৈত্রিক ভিড়ায় ঘর তুলতে

ও ভাতুর চালায়। এ সময় দুধ্ শিত ও সহায় নারীর আত্মচিক্কারে পাখ্য কয়য় গলেনি তাহের। অর্পা জমাদ্দার আরো বলেন- আমার স্বামী প্রবাসী আছে। তাই তাদের ভায়মামতে আমার কাছে লাখ লাখ টাকা রয়েছে, সেজন থেকে তাদেরকে দুই লক্ষ টাকা চাঁদা দিতে হবে। চাঁদা মোহে- কিছুদিন আগে এই বাদশা আকোন তার সান্সপাঞ্জ চতুদরাশী বাজারের সরকারি খাদ্য গুদামের জেটি দখল করে রাতের আধারে ঘর নির্মাণ করে বিক্রি করেছে। এছাড়াও কারো কাছে চাঁদা চেয়ে না পেলে তার ব্যবসায়ী প্রতিষ্ঠানে তালা খুলিয়ে দিয়ে চাঁদা চেয়ে। এই বাদশা-হারুন গং সিন্ডিকেট বিভিন্ন সময় সরকারি ও মালিকানা জমি দখল বাগিচা ও চাঁদাবাজিতে লিপ্ত রয়েছে বলে জানা গেছে। ভুক্তভোগী ফাতিমা জমাদ্দার অর্পা সংবাদকর্মীদের বলেন- আমার দাদার রেখে যাওয়া সকল সম্পত্তি আমার চাচা ও আমার ভাই ভোগ দখল করে আসছে। আমার সম্পত্তি হাতিয়ে নেওয়ার জন্য ২০১৯ সালে আমাকে হত্যার পরিকল্পনাও করেছে। হত্যার পরিকল্পনায় বার্থ হয়ে আমাকে চেতনানালক গুপ্তধ খাইয়ে সাতটি ১০০ টাকার স্ট্যাম্পে সহ ও টিপসার রেখে আমার ভায়ের সকল সম্পত্তি তারা লিখিয়ে দিয়ে তারা। এরপর আমাকে বাড়ি থেকে ভাড়িয়ে দেয়। এ ঘটনা আমি এদিন মোক্ট একটি মামলা দায়ের করি। বিচারক মামলাটি তলবের জরুরী দিলে ঘটনা সত্যতা পায় পুলিশ। এরপর তারা উপায়ান্ত না পেয়ে আদালতে গিয়ে হারয়ে মুদকো দিয়ে আসা যে, ভবিষ্যতে আমার সম্পত্তি হাতিয়ে যাতে কোন রকম সমস্যা না হয়। কিন্তু মামলা নিম্পত্তি হওয়ার পরই বলা হয় তাদের তালবাহানা সাত বছর পেরিয়ে গেলেও আমি আমার বন্ধর সাথে সম্পত্তি বুঝে পাইনি। পরবর্তীতে আমার বড় চাচার সাথে আমি একটি বসতঘর তোলার জন্য অনুরোধ জানাই। আমার চাচা বলেন- যেখানে তোমার বাবা ছিলেন তুমি যেখানে জন্ম হয়েছে সেখানে তুমি ঘর উঠাও সমস্যা নাই। কিন্তু যখনই আমি কাঁ করে কাটিয়ে ঘরের কাজ শুরু করবো তখন আমার কাছে আমার চাচা হারুন অর রশিদ জমাদ্দার ২ লক্ষ টাকা চাঁদা দাবি করে। সে বলে আমাকে ২ লক্ষ টাকা দাও তোমাকে সম্মানে এখানে উঠিয়ে দেবো না হলে তুমি এখানে বসে উঠাতে পারবে না। আমি টাকা দিতে অপারগতা প্রকাশ করছিল চম্প চিহ্ন ধরিয়ে নাম জা দিয়ে তার সহযোগী বাদশা আকন, নিমিচ্ছ ছারুলীনা নেতা নাজমুহ হক পিয়াসসহ বেশ কয়েকজন লোক নিয়ে এসে আমাকে ও আমার সন্তানদেরকে মারধর করে এবং আমার মিস্ত্রিদেরকেও মারধর করে কাজ বন্ধ করে দিয়েছে। আমি ও আমার সন্তানরা শরীকার ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছি। এরপর আমাদেরকে সেখানে ২৪ ঘন্টা আহার বিহীন অবরুদ্ধ করে রাখেন তারা। আমার সন্তান বর্তমানে শের-ই মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি রয়েছে। এ ব্যাপারে ঘর নির্মাণকারী কাঠমিস্ত্রি জানান- আমরা কাজ করছিলাম হঠাৎ করে বাদশা আকন ও হারুন জোয়ারদার ও পিয়াস এসে আমাদের কাজে বাধা দেয় এবং বাদশা আকনকে বলতে তিনি তাদের কথা অনুযায়ী কাজ না করলে কাজ বন্ধ রাখতে হবে। জমির মালিক অর্পা জমাদ্দার কাজ চালিয়ে যাওয়ার কথা বললে তার উপরে হামলে পরে বাদশা আকন ও হারুন জমাদ্দার এবং পিয়াস। এ সময় আমাদের কেউ মারধর করে ও আমাদের যন্ত্রপাতি ছিনিয়ে নিয়ে যায় এবং নুনরায় সেখানে কাজ করতে আসলে আমাদের হাত-পা ভেঙে দেওয়া হুমকি দেয়। এ বিষয়ে জানতে বাদশা আকনের মুঠোফোনে কল দিলে তিনি উত্তেজিত হয়ে বলেন- আমাকে কোনে, আগে আমার বিষয়ে জানানবের তারপর কথা বলবেন। অর্পা ওখানো জমি পাবে না, জমি হারুন জোয়ারদারের। আমার বিরুদ্ধে অবিরোধে জমি সেটা আইন- আদালত দেখাবে। নিমিচ্ছ ছারুলীগ শেতা নাজমুল হক পিয়াস বলেন- আমি ছারুলীনের রাজনীতি করেছি, তবে আপনাকে বলা যাবেনা। অর্পা আমার আত্মীয়, তাকে কেউ মারধর করেনি। সে জমি পেলে সেটা বুঝে নিয়ে ঘর তুলবে। কিন্তু সে জমি বুঝে না পেলেই ঘর তুলছে। তাই পুলিশ একে কাজ বন্ধ করে দিয়েছে। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওপি) মো. এনামুল হকের মুঠোফোনে কল দিলে তিনি তা রিসিত করেননি।

আমতলীতে চাঁদাবাজী বন্ধের

হুমকি দিয়ে শতাবিক সিএনজি চালকদের নিকট থেকে প্রতিমাসে তিন হাজার করে তিনলক্ষ টাকা এবং প্রতিদিন লাইন খরচ বাবন প্রতিটি সিএনজির নিকট থেকে ২০ টাকা করে ৬০ হাজার টাকাসহ মোট সাড়ে তিন লক্ষ টাকা আদায় করছেন। গত ৫এপ্রিল রবিবার সকাল সাড়ে ১০টার সময় পৌর শ্রমিক দলের সভাপতি মো. মঈনুল হাওলাদার ও তার সহযোগী লাইন পরিচালনা কারী মো. সুমন নূরুল বাজার চৌধুরা এলাকার সিএনজি স্টাভ বসে চালকদের নিকট থেকে চাঁদা করবেন। এখবর পেয়ে আমতলী উপজেলা বিএনপির সাবেক সভাপতি মো. জালাল উদ্দিন ফকির ঘটনাস্থলে উপস্থিত হয়ে ঘটনার সত্যতা পেয়ে তাত্ক্ষনিক তিনি আমতলী থানা পুলিশকে খবর দেন। পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে মঈনুল হাওলাদার ও তার সহযোগী সূমনকে থানায় নিয়ে যান। তদন্তে চাঁদাবাজী প্রমান পাওয়ায় ওই দিন রাতেরি তাদেও বিরুদ্ধে চাঁদাবাজির মামলার প্রেক্তার দেখিয়ে জেল হাজাতে পাঠায় আমতলী থানা পুলিশ। আমিরুল আরো বলেন, এ ঘটনাকে কেন্দ্র করে আমতলী উপজেলা শ্রমিক দলের সভাপতি মো. তারিকুল ইসলাম সোহাগ কার্যক্রম নিষিদ্ধ আগুামীলীগের শ্রমিকলীগ নেতা মঞ্জুরুল ইসলাম মনজুকে সাথে নিয়ে সংবাদ সম্মেলন করে আমতলী উপজেলা বিএনপির সাবেক সভপতি মো. জালাল উদ্দিন ফকিরের বিরুদ্ধে বিবোধণার করছেন। এবং তার নাম মিথ্যা অপবাদ দিয়ে তার সম্মান ভাং করছেন। আমরা এ ঘটনার ত্রিে নিন্দা এবং প্রতিবাদ জানাই। সিএনজি চালক মো. আলী হোসেন বলেন, আমতলী উপজেলা বিএনপির জরায়ি নেতা সাবেক সভাপতি জালাল উদ্দিন ফকির চাঁদাবাজি বন্ধ করার জন্য মঈনুল ও সূমনকে পুলিশের নিকট ধরিয়ে দেওয়ার তার বিক্ষোে অপরচারণ চালানো হচ্ছে। সিএনজি চালক মো. ইউনুছ বলেন, সিএনজি এবং মাহেস্তা চালকদের নিকট থেকে চাঁদাবাজির খবর পেয়ে গত ২ মার্চ বরগুনা-১ আমতলী-তালতলী ও বরগুনা সদর উপজেলার এমপি মোহাম্মদ ওয়ালি উল্লাহ, আমতলীর ইউএনও মুহাম্মদ জাম্বর আরিফ চৌধুরী, জিএ মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, বিএনপির সাবেক সভাপতি মো. জালাল উদ্দিন ফকির, সদস্য সাহিব মো. তুহিন মুখাসহ চালকদেও নিয়ে এক সভায় সিএনজিদের মাহেস্তা স্টাভকে চাঁদাবাজি মুক্ত এলাকা ঘোষণা করেন। কিন্তু মঈনুল হাওলাদার এ সিদান্তকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে আবার চাঁদাবাজিতে লিপ্ত হয়েছেন। আমতলী উপজেলা পৌর শ্রমিক দলের সভাপতি মো. তারিকুল ইসলাম সোহাগ তার বিরুদ্ধে আনা অভিযোগে অস্বীকার করেনি, আমি কোন সময় উপজেলা বিএনপির সাবেক সভাপতি জালাল উদ্দিন ফকিরের বিরুদ্ধে বিবোধণার কিবা কোন ধরনের অপরচারণ করি নাই। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হাসনাইন পারভেজ জসেন, এখন সিএনজি, মাহেস্তা স্টাভে কোন

রকম চাঁছাজি হচ্ছে না। কোথাও চাঁদাবাজির ঘটনা ঘটলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

দেশে হামের টিকা পেয়েছে

৮৭০ জন, বুলনা বিভাগে ১৫ লাখ ৩৩ হাজার ৫৪৬ জন, ময়মনসিংহ বিভাগে ১২ লাখ ৯৪ হাজার ১৫ জন, রাজশাহী বিভাগে ২০ লাখ ২০ হাজার ৩৭৩ জন, রংপুর বিভাগে ১৮ লাখ ৬২ হাজার ১৯৬ জন এবং সিলেট বিভাগে ১২ লাখ ৪৭ হাজার ৮৩৫ জন শিশুকে হাম-রুবেলার টিকা দেওয়া হয়েছে। এর মধ্যে সিটি করপোরেশন এলাকার বরিশাল সিটি করপোরেশনে ৩৯ হাজার ৫৩ জন, চট্টগ্রাম সিটি করপোরেশনে ২ লাখ ৫৩ হাজার ৬৬২ জন, কুমিল্লা সিটি করপোরেশনে ৪৭ হাজার ৬১২ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ৪ লাখ ৯০ হাজার ৫৪৮ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ৩ লাখ ৯৬ হাজার ৯৪৯ জন, গাজীপুর সিটি করপোরেশনে ১ লাখ ৮০ হাজার ৮৬১ জন, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনে ৭৭ হাজার ৮৮ জন, বুলনা সিটি করপোরেশনে ৮২ হাজার ৮৯৭ জন, ময়মনসিংহ সিটি করপোরেশনে ৫৩ হাজার ৮১ জন, রাজশাহী সিটি করপোরেশনে ৫৩ হাজার ৬৮৭ জন, রংপুর সিটি করপোরেশনে ৭৫ হাজার ৫৯৮ জন এবং সিলেট সিটি করপোরেশন এলাকায় ৫৮ হাজার ২৯ জন শিশু হাম-রুবেলার টিকা নিয়েছে। গত ৫ এপ্রিল প্রথম দফায় দেশের ১৮ জেলার ৩০ উপজেলায় টিকাদান কর্মসূচি শুরু করে সরকার। ইতোমধ্যেই এই ৩০ উপজেলায় টিকাদান কর্মসূচি শেষ হয়েছে। টিকাদান কর্মসূচি শেষ হওয়া উপজেলাগুলোতে হায়ের রোগীর সংখ্যা ইতোমধ্যেই কমতে শুরু করেছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদফতর। এ বিষয়ে স্বাস্থ্য অধিদফতররের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাস বাস-কে বলেন, ‘যে সকল জায়গায় শতভাগ টিকা দেওয়া হয়েছে, সে সকল এলাকাই ইতোমধ্যেই হামে আক্রান্তের সংখ্যা কমতে শুরু করেছে।’ দ্বিতীয় দফায় ১২ এপ্রিল থেকে গুরুত্বপূর্ণ ৪টি সিটি করপোরেশনে (ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, বরিশাল ও ময়মনসিংহ) একযোগে হাম-রুবেলার টিকাদান কার্যক্রম শুরু করা হয়, যা এখনো চলমান রয়েছে। বর্ষেষে তৃতীয় দফায় ২০ এপ্রিল থেকে সারাদেশে একযোগে হাম-রুবেলার টিকাদান কর্মসূচি শুরু হয়। সাপ্তাহিক ও সরকারি ছুটিছাড়া বাকি দিনগুলোতে সকাল ৮ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত চলছে এই কার্যক্রম। দেশব্যাপী এই বিশেষ ক্যাম্পেইনে সিটি করপোরেশন এলাকায় ২০ মে পর্যন্ত এবং দেশের অন্যান্য স্থানে ১২ মে পর্যন্ত চলবে। এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো: সাখাওয়াত হোসেন জানান, আগামী কয়েকদিনের মধ্যেই শতভাগ শিশু হামের টিকার আওতায় চলে আসবে। ইতোমধ্যে অনেক জায়গায় শতভাগ টিকা দেয়া হয়ে গেছে। যে সকল জায়গায় শতভাগ টিকা দেয়া হয়েছে সেই সকল এলাকায় হাম নিয়ন্ত্রণে চলে এয়েছে। সরকার সঠিক সময়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের ফলে দেশে হায়ের প্রকোপ কমতে শুরু করেছে। আশা করি দ্রুত হাম পরিস্থিতি নিয়ন্ত্রণে আসবে। আমরা যখন হামের টিকা হাতে পেয়েছি, নিরীহর সময়ের জন্য আর অপেক্ষা করিনি, টিকা দেওয়া শুরু করেছি।

বর্ণাঢ্য আয়োজনে চার দিনব্যাপী

(১০ মে) সকালে রাজারগঞ্জ পুলিশ লাইন্স দপ্তরে বার্ষিক পুলিশ প্রচারের মধ্য দিয়ে পুলিশ সত্তাও শুরু হবে। প্রধানমন্ত্রী তারেক রহমান পুলিশের বিভিন্ন কর্মসূচ্যেউ ও পতাকাবাহী দলের সুরক্ষাশ, দুর্দিনমন ও বর্নিল প্রচারেউ পদদর্শন এবং অভিনবদন গ্রহণ করবেন। তিনি পুলিশ সদস্যদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিকর্শনেশমাস্কর ভাষণ দেবেন। পুলিশ সত্তাও উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দীন, প্রধানমন্ত্রী তারেক রহমান, স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ, স্বরাষ্ট্র মন্ত্রালয়ের সিনিয়র সচিব মনজুর মোমেনি চৌধুরী এবং পুলিশ মহাপরিশ্রক (আইজিপি) মো. আলী হোসেন ফকির পৃথক বারী দিয়রেনে। রাষ্ট্রপতি বারীতে বলেন, পুলিশ বাহিনীর সততা, নিষ্ঠা, পোমদারিত্ব ও শৃঙ্খলার ওপর একটি রাষ্ট্রের িস্থিিশীলতা, সুশাসন ও উন্নয়ন অগ্রযাত্রা অনেকাংশে নির্ভর করে। বিভিন্ন জাতীয় আয়োজন ও ত্রুস্তিকারীনা সময়েও পুলিশ বাহিনীর বৈবচিত্র্য, পেশাদার ও জনবাহুর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্প্রতি আয়োজিত প্রোদাশ জাতীয় নিচর্যন অরাদ্ধ, সুই ও রাতে অনুমানিক ১৫ বাংলাদেশি চোরাকরবারি ভারতীয় চোরাকরবারিদের সহায়তায় চোরালানের উদ্দ্যেে ধখনপর সীমাত্ব নিয়ে ভারতের অভ্যন্তরে যান। পরে চোরাই মালপত্র নিয়ে ফেরার সময় বিএসএফের ৪৯ ব্যাটালিয়নের পারায়িয়ার ক্যাম্পের টহলরত সদস্যরা তাঁদের বাবা দিলে চোরাকরবারিরা বিএসএফ সদস্যদের ওপর চড়াও হন। এ সময় বিএসএফ সদস্যের সঙ্গে ধস্তাধস্তির একপর্যায়ে বিএসএফ সদস্য চোরাকরবারিদের ওপর গুলি চালান। এই ঘটনায় গুলিবিদ্ধ বাংলাদেশি চোরাকরবারি মো. মোরছালিন ও আরেকজন চিকিৎসাধীন অবস্থায় ভারতের হাসপাতালে মারা যান। শরিয়তুল ইসলাম আরও বলেন, বিএসএফ কমান্ডার্টের সঙ্গে যোগাযোগ করে নিহত ব্যক্তিদের বরদেবে বাংলাদেশে ফেরত আনার চেষ্টা চলছে। এই ঘটনায় বিএসএফকে প্রটেক্ট নোট পাঠানোসহ পোকা বৈঠকের প্রক্রিয়া চলছে।

দশমিনায় সড়ক

পরবর্তীতে খবর আসে ওই গাড়ি আরজবেগী বাজারের উত্তর পাশে আকসিডেন্ট করে। খবর পেয়ে তাৎক্ষণিক ঘটনাস্থলে গিয়ে হাফেজ সোমোয়ারকে রক্তাক্ত ও মৃত অবস্থায় দেখে বাড়িতে নিয়ে আসেন স্বজন ও স্থানীয়রা। দশমিনা থানার অফিসার ইনচার্জ (ওপি) মো. আতিকুল ইসলাম বলেন, খবর পেয়ে তাৎক্ষণিক ঘটনাস্থল পরিদর্শন করেছে পুলিশ। নিহতের বাড়িতে পুলিশ পাঠানো হয়েছে। এ ব্যাপারে কারও কোনো অভিযোগ না থাকায় পারিবারিকভাবে লাশ দাফনের ব্যবস্থা নেয়া হয়েছে।

কাউখালী-বরিশাল

হয়ে উঠেছে। বিশেষ করে নারী, শিশু ও বয়স্ক ব্যক্তিদের জন্য এই গ্রন্থ বোধ কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। ভুক্তভোগী যাত্রী মোঃ আসাদুজ্জামান বলেন, “সরাসরি বাস না থাকায় আমাদের দুই থেকে তিনবার গাড়ি পরিবর্তন করতে হয়। এতে সময় বেশি লাগে এবং ভাড়াও বেশি গুনতে হয়।” আরেক যাত্রী নেতারা বেগম বলেন, হাসপাতালে যেতে হলে খুব জোগাড়িতে পড়তে হয়। অসুস্থ মানুষ নিয়ে একাধিক যানবাহনে ওঠানো করা খুবই কষ্টকর। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মাহিম হোসেন বলেন, আমাদের এমপি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী আহমদ সোহেল মনজুর তিনি উদ্যোগ নিয়ে বরিশাল-ঝালকাঠী ও পিরোজপুর বাস মালিক সমিতিকে বলে দিলে তাহলে কাউখালী থেকে বরিশাল রুটে দ্রুত নিয়মিত সরাসরি বাস সার্ভিস চালু করা সম্ভব হবে। এতে করে সাধারণ মানুষের যাতায়াত সহজ হবে এবং অর্থনৈতিক কার্যক্রমেও গতি আসবে।

বানারীপাড়ায় কোটি কোটি টাকা

মাধ্যমে কারাগারে পাঠানো হয়। জানা গেছে, রজন মজুমদারের বিরুদ্ধে ঢেক জালিয়াতি, অর্থ আত্মসাৎ ও প্রতারণার অভিযোগে পৃথক ৫টি মামলায় আদালতের দ্রেক্ষতার পরোয়ানা ছিল। তার গ্রামের বাড়ি বানারীপাড়া উপজেলার উদয়নগৈ ইউনিয়নের তেতলা গ্রামে। তার বাবার নাম হরেন্দ্রনাথ মজুমদার। স্থানীয় সজে জানা যায়, সেবা কল্যাণ সঙ্ঘর স্বনন্দন সর্মাভিত্তি নামের এনজিও ব্যবসার নামে অধিক মুনাফার প্রলেপে দেখিয়ে বানারীপাড়া উপজেলার সাধারণ মানুষের কাছ থেকে কয়েক কোটি টাকা হাতিয়ে নেয় রঞ্জন। পরে গ্রাহকদের আমানতের টাকা আত্মসাৎ করে দীর্ঘদিন এলাকা ছেড়ে আত্মগোপনে চলে যায় সে। তার প্রতারণার শিকার হয়ে বহু মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবার আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ভুক্তভোগীরা দীর্ঘদিন ধরে প্রশাসনের কাছে তার দ্রেক্ষতার ও আত্মসাৎ হওয়া টাকা উদ্ধারের দাবি জানিয়ে আসছিলেন। অবশেষে তার দ্রেক্ষতারের খবর এলাকার ছড়িয়ে পড়লে সাধারণ মানুষের মাঝে ঐক্য ফিরে আসে। বানারীপাড়া থানার ওসি মজিবুর রহমান জানান, ৫টি মামলায় আদালতের দ্রেক্ষতার পরোয়ানার ভিত্তিতে দীর্ঘদিন ধরে তাকে খুঁজছিল পুলিশ। গোপন সূত্রে জানতে পারলে তিনি তার অবস্থান নিশ্চিত হওয়ার পর বিশেষ অভিযান চালিয়ে তাকে দ্রেক্ষতার করা হয়। শনিবার (৯ মে) তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

সীমান্তে বিএসএফের গুলিতে

সীমান্তের ভারত অংশে টহলরত বিএসএফ সদস্যরা তাদেরকে লক্ষ্য করে গুলি করেন এতে গুলিবিদ্ধ হয়ে মারা যান মোরছালিন। পরের তারি মরদেহ ভারতে নিয়ে যান বিএসএফ সদস্যরা। তবে বিজিবির ৬৩ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এস এম শরিফুল ইসলাম বলেন, রাতে অনুমানিক ১৫ বাংলাদেশি চোরাকরবারি ভারতীয় চোরাকরবারিদের সহায়তায় চোরালানের উদ্দ্যেে ধখনপর সীমাত্ব নিয়ে ভারতের অভ্যন্তরে যান। পরে চোরাই মালপত্র নিয়ে ফেরার সময় বিএসএফের ৪৯ ব্যাটালিয়নের পারায়িয়ার ক্যাম্পের টহলরত সদস্যরা তাঁদের বাবা দিলে চোরাকরবারিরা বিএসএফ সদস্যদের ওপর চড়াও হন। এ সময় বিএসএফ সদস্যের সঙ্গে ধস্তাধস্তির একপর্যায়ে বিএসএফ সদস্য চোরাকরবারিদের ওপর গুলি চালান। এই ঘটনায় গুলিবিদ্ধ বাংলাদেশি চোরাকরবারি মো. মোরছালিন ও আরেকজন চিকিৎসাধীন অবস্থায় ভারতের হাসপাতালে মারা যান। শরিয়তুল ইসলাম আরও বলেন, বিএসএফ কমান্ডার্টের সঙ্গে যোগাযোগ করে নিহত ব্যক্তিদের বরদেবে বাংলাদেশে ফেরত আনার চেষ্টা চলছে। এই ঘটনায় বিএসএফকে প্রটেক্ট নোট পাঠানোসহ পোকা বৈঠকের প্রক্রিয়া চলছে।

স্বাস্থ্যসেবা শুধু পেশা নয়

করবে। যারা এটি প্রতিষ্ঠা করেছেন তারা সেবার মানে কোনও ছাড় করেন না বলে আমার বিশ্বাস। এসময় আরও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা ডা: মো: আনোয়ার হোসেন বাবুল, বরিশাল উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চোয়ারম্যান প্রফেসর মহম্মদ ইউসুফ আলী সিদ্দিকী, শেরে-ই-বাংলা মেডিকেল কলেজের মেডিকেল অফিসার ডাঃ শামস-ই- জাহান সোনিয়া, মেডিকেল অফিসার আব্দুল হাই আল হারী, বাঘিয়া মন্ত্রাসার প্রিপিণ্ডা ডা. আবু বক্কর সিদ্দিক, ালকাঠি সরকারি স্ব্থসের প্রাক্তন প্রধান শিক্ষক সুভান্ন আহমেদ ও উপজেলা বিএনপির সভাপতি আনিচুর রহমান খোলাখান।

দুই মাসের শিশুকে হাসপাতালে

চলে গেছে। কর্তব্যরত নার্সগণ শিশুর অভিভাবককে খোঁজা- খোঁজি করেন। কাউকে না পেয়ে বিষয়টি থানা পুলিশ ও উপজেলা প্রশাসনকে অবহিত করলে থানা পুলিশ, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সমাজ সেবা কর্মকর্তা হাসপাতালে চলে আসেন। শিশুটিকে জিম্মায় নেন উপজেলা প্রশাসন। বর্তমানে উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে হাসপাতালে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: শোভা কুমার বসাক বলেন, গভরকাল বিকেলে মাত্র ২ মাস বয়সী একটি শিশুকে হাসপাতালরে ইনভার্ডের রেখে চলে গেছে। আমরা বিষয়টি প্রশাসনকে জানিয়েছি। সমাজ সেবা অধিদপ্তর শিশুটিকে জিম্মায় নিয়েছে। আমাদের চিকিৎসকগণ শিশুটির চিকিৎসা করে যাচ্ছে। তিনি আরও বলেন, কর্তব্যরত চিকিৎসক জানিয়েছে শিশুটির খিচুনি সমস্যা রয়েছে। চরক্ষাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ বলেন, চরক্ষাশন হাসপাতালে রেখে যাওয়া শিশুটি অসুস্থ। হাসপাতালে চিকিৎসা সংক্রান্ত সকল বিষয় সমাজ সেবা অধিদপ্তরের মাধ্যমে দেখা গনা করা হচ্ছে। শিশুটি সুস্থ হলে কেউ আবেদন করলে তদন্ত সাপেক্ষে শিশুটি ফরে দেওয়া হবে। তিনি আরও বলেন, যদি কোনো অভিভাবক না পাওয়া যায়, তাহলে সমাজ সেবা অধিদপ্তর মাধ্যমে বরিশাল শিশু সদনে শিশুটিকে প্রেরণ করবে।

নিখোঁজের চার দিন

না। পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তার সন্ধান পাননি। এই ঘটনায় পরদিন তার মামা মো. সোহরাব হোসেন পটুয়াখালী সদর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন। জিডিতে উল্লেখ করা হয়, বাড়ি থেকে বের হওয়ার পর থেকেই শহিদুলের মোবাইল ফোন বন্ধ পাওয়া যায় এবং তার সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে।

নিষেধাজ্ঞা শেষে নদীতে নেমে খালি

মাত্র ২ হাজার টাকার মাছ নিয়ে। ব্যবসার জায়গায় দেখা নিয়ে ফিরতে হয়, তাই নদীতে যাওয়া বাদ দিয়ে দিসি। একই কথা জানিয়েছেন স্থানীয় জেলে আবদুল হক, মো. সায়ম ও হাবিব মশি। রাজাপুরের আজগর মারি জানান, ভরা মৌসুমে একদিন নদীতে নামলে পাঁচ থেকে সাত মণ ইলিশ পাওয়া যেত, কিন্তু এখন দিনের পর দিন নদীতে থেকেও মাছ মিলছে না। মৎস্য ব্যবসায়ী সাহাবউদ্দিন জমাদার ফোভ প্রকাশ করে বলেন, নদীতে মাছ থাকবে কীভাবে যুঁটা আর বিহিন্দ জাল দিয়ে নদীর সব মাছ ধরলে করে দিচ্ছে। যুঁটা বিহিন্দ বন্ধ না হলে এক সময় নদীতে কোন মাছই থাকবে না। জেলা ক্ষুদ্র মৎস্যজীবী ও জেলে সমিতির সাধারণ সম্পাদক মো. মামুন বলেন, এমন পরিস্থিতিতে প্রকৃত জেলেদের একটি সঠিক তালিকা তৈরি করে তাদের



মেহেদিগঞ্জে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে দিনব্যাপী ট্রেড ইউনিয়ন প্রতিনিধি কর্মশালায় উপস্থিত অতিথিবৃন্দ

-কীর্তনখোলা

সরকারি সহায়তা দেওয়া প্রয়োজন। তা না হলে এই পেশা তিকিয়ে রাখা কঠিন হবে। জেলা মৎস্য কমর্তী ইকবাল হোসেন জানান, জলবায়ু পরিবর্তনের কারণে এ সময়ে ইলিশ কিছুটা কম। তবে জুন-জুলাইয়ে প্রচুর ইলিশ পাওয়ার সম্ভাবনা রয়েছে। জেলায় নিবদ্ধিত জেলের সংখ্যা এক লাখ ৬৮ হাজার এবং অনিবদ্ধিত জেলের সংখ্যা এক লাখেরও বেশি।

দীর্ঘদিনের জলাবদ্ধতার দূর্ভোগ

দূর্ভোগে পোহাতে হচ্ছে স্থানীয়দের। বিশেষ করে স্কুল-কলেজগামী শিক্ষার্থী, কর্মজীবী মানুষ এবং বৃদ্ধদের চলাচলে ব্যাপক জোগাড়ি হচ্ছে। দ্রুত কার্যকর ব্যবস্থা না নেওয়া হলে পরিস্থিতি আরও খারাপ হবে বলে আশঙ্কা প্রকাশ করেন তারা। স্থানীয় বাসিন্দা হাফেজ মাওলানা মো. তাকদির হোসেন বলেন, “দীর্ঘদিন ধরে আমরা অবর্ণনীয় দূর্ভোগের মধ্যে আছি। বৃষ্টি হলেই পুরো সড়ক পানিতে তলিয়ে যায়। মো. যিজান শরীফ বলেন, “এলাকায় ড্রেনেজ ব্যবস্থা না থাকায় পানি নামতে পারে না। দ্রুত ড্রেন নির্মাণ ও রাস্তা সংস্কার করা না হলে সাধারণ মানুষের দূর্ভোগ আরও বাড়বে।” মো. শাজাহান শরীফ ও মো. নজরুল ইসলাম বাচ্চু বলেন, “এটি শুধু একটি সড়কের সমস্যা নয়, এটি জনদুর্ভোগের বড় একটি বিষয়। তাই দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ প্রয়োজন।” আলহাজ্ব মো. আলী সিদ্দিকী বলেন, “আমরা কোনো রাজনৈতিক কর্মসূচি করছি না। এলাকার সাধারণ মানুষের স্বার্থে মানববন্ধনের মাধ্যমে আমাদের ন্যায় দাবি তুলে ধরেছি।” মানববন্ধন থেকে দ্রুত ড্রেন নির্মাণ, জলাবদ্ধতা নিরসন এবং ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কারে সিটি করপোরেশন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি পদক্ষেপ কামনা করেন স্থানীয়রা।

মেহেদিগঞ্জে শ্রমিক কল্যাণ ফেডারেশনের

এবং শ্রমজীবী মানুষের ন্যায় অধিকার প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধভাবে কাজ করা। ইসলামের পক্ষে কাজ করার মাধ্যমেই একটি শোষণপ্রস্ত সমাজ প্রতিষ্ঠা সম্ভব। তিনি আরও বলেন, শ্রমিকদের অধিকার আদায়ের পাশাপাশি নৈতিকতা, আদর্শ ও ইসলামী মূল্যবোধের ভিত্তিতে সমাজ গঠনে সবাইকে সক্রিয় ভূমিকা রাখতে হবে। ট্রেড ইউনিয়নগুলোকে হত হতে হবে শ্রমিকের প্রকৃত প্রতিনিধি। কর্মশালায় উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত শ্রমিক প্রতিনিধি ও সংগঠনের স্থানীয় নেতাকর্মীরা অংশ নেন। বক্তারা শ্রমিকদের মজুরি, কর্মপরিবেশ, চাকরির নিরাপত্তাসহ বিভিন্ন অধিকার নিয়ে আলোচনা করেন। পাশাপাশি সাংগঠনিক কাঠামোে শক্তিশালীকরণ, তৃণমূল পর্যায়ে জনসংগঠনতা বৃদ্ধি এবং আগামী দিনের কর্মপরিকল্পনা নির্ধারণে গুরুত্বরোপ করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন দীর্ঘদিন ধরে দেশের শ্রমজীবী মানুষের অধিকার আদায়ে কাজ করে আসছে।

চালকের চোখে ঘুম, ধানবোকাই

পড়েন এবং হঠাৎ চোখে ঘুম চলে আসে। মুহূর্তের মধ্যেই গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে মুনসুর হাওলাদারের পরিত্যক্ত ঘরের ওপর উল্টে যায়। প্রত্যক্ষদর্শীরা মো. ছগির ফরাজী বলেন, “আমি ও আমার স্ত্রী তখনো ঘুমে ছিলাম। হঠাৎ বিকট শব্দে আমাদের ঘুম ভেঙে যায়। বাইরে এসে দেখি আমাদের ঘরের পাশেই মুনসুর হাওলাদারের পরিত্যক্ত ঘরের ওপর ট্রাকটি উল্টে গেছে। ভান্যু ভালো যে ওই ঘরটিতে কেউ ছিল না। আর একটু হলেই ট্রাকটি আমাদের ঘরে পড়ত। আল্লাহ রক্ষা করেক্টে, নয়তো আমাদের বড় কোনো প্রাণহানি ঘটেছে পারত। দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয়রা ভিড় জমায়। তবে চালক ও হেলপার অক্ষত রয়েছেন তবে কখন ট্রাকটি উল্টার প্রক্রিয়া সে বিষয়ে চালক বলেন,আগে আনলোড করতে হবে তার পর। তবে ঘর মালিকের পক্ষে ৫০হাজার টাকা ক্ষতিপূরণ দাবি করা হয়েছে। আমি ১হাজার দেয়ার কথা বলেছি। এটি সমাধানের পর কখন পারি বলতে পারছি না।

উচ্চ ভোল্টের তারে ঝুলছিল

গাছটি, সরালো স্থানীয়রা

চরফ্যাশন প্রতিনিধি

উচ্চ ভোল্টের তারের ওপর গত তিন দিন ধরে ঝুলছিল একটি মোটা বয়স্ক সুপারি গাছ। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিউবি)-সহ প্রশাসনকে বিষয়টি জানানোর পরও কোনো ব্যবস্থা নোননি সংশ্লিষ্টরা। শেষ পর্যন্ত বৃকি নিয়ে গাছটি সরিয়েছে স্থানীয়রা। ঘটনাটি ঘটেছে ভোয়ার চরফ্যাশন পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডে। খোঁজ নিয়ে জানা গেছে, চরফ্যাশন পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডে অবস্থিত উপজেলা প্রশাসনিক ভবন ও থানাসহ গুরুত্বপূর্ণ বিভাগ। গত বুধবার ঘূর্ণিঝড়ে ওই ওয়ার্ডের প্রগতিপাড়া পূর্ব কাঁচা বাজার এলাকায় ৩০ হাজার ভোল্টের বিদ্যুৎ লাইনের ওপর তেড়ে পড়ে একটি মোটা বয়স্ক সুপারি গাছ। এরপর তিন ধরে গাছটি ওই তারের ওপর ঝুলছিল। বিষয়টি পিভিবিতে বার বার বলা সত্ত্বেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। একপর্যায়ে উপান্তর না পেয়ে জীবনের বৃকি নিয়ে শনিবার (৯ মে) সকাল ১১টার দিকে গাছটি অপসারণ করে স্থানীয়রা। এত আগে ঘটনাস্থলে গিয়ে হাই ভোল্টের তারের ওপর গাছ পড়ে থাকতে দেখে পিভিবির আবাসিক প্রকৌশলীকে মোবাইল ফোনে বিষয়টি জানান এ প্রতিবেদক। জবাবে তিনি ‘দেখছি’ বলে লাইন কেটে দেন। এরপর শনিবার আবাসিক প্রকৌশলী পিভিবির মিজানুর রহমান বলেন, ‘মোটা কাভারের তারের ওপর গাছ পড়লেও সমস্যা নাই। ভয়ের কোনো কারণ নেই।’ দক্ষিণ অরাজা হোসানিয়া দাখিল মাদরাসার সুপার প্রগতিপাড়ার বাসিন্দা মাও. ফারুক গাছটি সরানোর আগে শনিবার সকাল ৮টার দিকে বলেন, ঘূর্ণিঝড়ের কবলে পড়ে বুধবার থেকে শনিবার পর্যন্ত হাই ভোল্টের তারে গাছটি পড়ে আছে। বিদ্যুৎ কর্তৃপক্ষের বার বার বলা সত্ত্বেও কোনো গাছটি সরাতে আসেনি। বর্তমান প্রকৌশলী ভালো কাজের লোকই নন। চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রোমানা আফরোজ বলেন, স্থানীয়রা বিদ্যুতের তারের ওপর পড়ে থাকা গাছটি সরিয়ে ভালো কাজ করেছে। পিভিপিকে বলা সত্ত্বেও তারা গাফলতি করেছে।

যুদ্ধ সমাপ্তিতে মার্কিন প্রস্তাব এখনও পর্যালোচনা করছে ইরান

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের দেওয়া যুদ্ধ সমাপ্তির প্রস্তাব এখনও পর্যালোচনা করছে তেহরান। মার্কিন এ প্রস্তাব মেনে নিতে ওয়াশিংটনের নির্ধারিত সময়সীমাকে ওরুত্ব দিচ্ছে না ইরান। শুক্রবার (৮ মে) ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাযেই ৩ এর পাতায় দেখুন



নিষেধাজ্ঞা শেষে নদীতে নেমে খালি হাতে ফিরছেন ভোলার জেলেরা

জোলা প্রতিনিধি
প্রধানন মৌসুমের কারণে মাঠ ও এপ্রিল এই দু'মাস ভোলার মেঘনা, মেঘনা তেঁতুলিয়া ও ইলিশা তেঁতুলিয়া, ইলিশা নদীতে নদীতে মাছ ধরা বন্ধ ছিল। এতে জেলেরদের জালে মিলছে না মে মাস থেকে নদীতে প্রচুর মাছ

পাওয়ার আশায় ছিলেন জেলেরা। কিন্তু এই ভরা মৌসুমেও ভোলার মেঘনা, তেঁতুলিয়া, ইলিশা নদীতে জেলেরদের জালে মিলছে না ইলিশ। নদীতে কাড়িফত ইলিশ

দায়িত্ব নিলো সমাজসেবা অফিস দুই মাসের শিশুকে হাসপাতালে রেখে উধাও অভিভাবক



চরফ্যাশন প্রতিনিধি
মাত্র দুই মাস বয়সী শিশুকে হাসপাতালের ইনভারে রেখে চলে গেলেন মা! পৃথিবীর আলোতে আসতেই শিশুর সাথে অজানা পরিবারের বাবা- মায়ের এমন অমানবিক আচরণ সচেতন মহলকে ভাবিয়ে তোলেছে। ভোলার চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৮মে এ ঘটনাটি ঘটেছে।

শিশুটিকে তত্ত্বাবধানের দায়িত্ব নিয়েছে সমাজ সেবা অফিস। চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, ৮ মে (শুক্রবার) বিকেলে হাসপাতালের ইনভারের ২ মাস বয়সী একটা শিশুকে রেখে তার মা ৩ এর পাতায় দেখুন

স্বাস্থ্যসেবা শুধু পেশা নয় মানবিক দায়িত্ব : ইলেন ভুট্টো

নলছিটি প্রতিনিধি

বালকাটি-২ আসনের সংসদ সদস্য ইসরাহত সুলতানা ইলেন ভুট্টো বলেন, স্বাস্থ্যসেবা শুধু একটি পেশা নয় এটি একটি মানবিক দায়িত্ব। শনিবার (০৯ মে) সকাল ১১টায় নলছিটি উপজেলার মোল্লারহাট ইউনিয়নের আমতলীতে সদ্য নির্মিত মোকসেদ আলী মেমোরিয়াল হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ইসরাহত সুলতানা ইলেন ভুট্টো বলেন, গ্রামের মানুষের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে বর্তমান সরকার বদ্ধ পরিকর। এই হাসপাতাল মোল্লারহাট ইউনিয়নসহ আশেপাশের মানুষকে স্বল্প মূল্যে উন্নত সেবা প্রদান ৩ এর পাতায় দেখুন



বানারীপাড়ায় কোটি কোটি টাকা আত্মসাৎকারী রঞ্জন কারাগারে

বানারীপাড়া প্রতিনিধি
অবশেষে বরিশালের বানারীপাড়ায় ৫ টি মামলায় ওয়ারেন্টভুক্ত পলাতক আসামী রঞ্জন মজুমদারকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। দীর্ঘদিন আত্মগোপনে থাকার পর শুক্রবার (৮মে) রাতে পিরোজপুরের নাজিরপুর উপজেলা সদর এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। শনিবার (৯ মে) তাকে আদালতের ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.পি.পি.এস, ফেলো ডব্লিউ. এইচ. ও (অস্ট্রেলিয়া) **অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স) শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।**

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার: মেডিনোভা ডায়াগনস্টিক কমপ্লেক্স **শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে**

বাধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৬ ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭৩৬-৩৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

দৈনিক কীর্তনখোলা আত্মতত্ত্বীয় প্রতিদিন

বরিশাল ৯ রবিবার ৯ ১০ মে ২০২৬ ৯ ২৭ বৈশাখ ১৪৩৩

দেশে হামের টিকা পেয়েছে ১ কোটি ৭২ লাখ শিশু

কীর্তনখোলা ডেস্ক

দেশে হামের প্রাদুর্ভাব মোকাবিলায় বর্তমান সরকার জরুরি টিকাদান কর্মসূচিসহ বেশ কিছু বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে। চলমান টিকাদান কর্মসূচির আওতায় এখন পর্যন্ত সারাদেশে ১ কোটি ৭২ লাখ ৬৮

হাজার ৯০৮ জন শিশু হাম-রুবেলার টিকা পেয়েছে। যা লক্ষ্যমাত্রার ৯৬ শতাংশ। সারাদেশের প্রায় ১ কোটি ৮০ লাখ শিশুকে এই কার্যক্রমের আওতায় টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। স্বাস্থ্য অবিদফতর থেকে হাম-

পায়রায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধে ফাটল ঝুঁকিতে ১৫ গ্রামের হাজারো মানুষ

বরগুনা প্রতিনিধি

বরগুনার আমতলী-তালতলী উপজেলার পায়রা নদী সংলগ্ন তেঁতুলবাড়িয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে। এতে মারাত্মক ঝুঁকিতে পড়েছে নদী সংলগ্ন ওই এলাকার ১৫টি গ্রামের ২৫ হাজার মানুষ। তারা এখন নির্মম রাত কাটাচ্ছেন। জানা গেছে, গত কয়েকদিনের টানা বৃষ্টি ও পায়রা নদীর জোয়ারের



প্রভাবে অতিমাত্রায় পানি বৃদ্ধি পাওয়ায় তালতলী উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের তেঁতুলবাড়িয়া সংলগ্ন পায়রা নদীর বেড়িবাঁধে বুধবার রাতে প্রায় দেড়শ মিটার এলাকাজুড়ে বড় ধরনের ফাটল দেখা দিয়েছে। বাধের কিছু অংশ এরই মধ্যে

কাউখালী-বরিশাল সরাসরি বাস সার্ভিস না থাকায় ভোগান্তি

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলা থেকে বরিশাল পর্যন্ত সরাসরি কোনো বাস সার্ভিস চালু না থাকায় চরম ভোগান্তিতে পড়ছেন নগরবাসীরা। প্রতিদিন জরুরি কাজ, চিকিৎসা, শিক্ষা ও ব্যবসার প্রয়োজনে অসংখ্য মানুষকে ভেঙে ভেঙে একাকি যানবাহনে যাতায়াত করতে হচ্ছে, ফলে সময় ও খরচ দুটোই বাড়ছে। স্থানীয় সূত্রে জানা যায়, কাউখালী উপজেলা থেকে বরিশালে যেতে হলে যাত্রীদের প্রথমে স্থানীয় পরিবহনযোগে অন্য এলাকায় গিয়ে সেখান থেকে বাস ধরতে হয়। এতে করে যাত্রাপথ দীর্ঘ ও দুর্ভোগপূর্ণ ৩ এর পাতায় দেখুন



চালকের চোখে ঘুম, ধানবোঝাই ট্রাক উল্টে ঘরের ওপর

ভাওয়রি প্রতিনিধি

পিরোজপুরের ভাওয়রি উপজেলায় নিয়ন্ত্রণ হারিয়ে ১৫টন (২১৫ বস্তা)ধানবোঝাই একটি ট্রাক (যশোর- ট-১১-৫৬৩৭) রাস্তার পাশের একটি ঘরের ওপর উল্টে পড়েছে। চালক ঘুমিয়ে পড়ার কারণে এ দুর্ঘটনা ঘটেছে বলে জানা গেছে। তবে এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। গত কাল শনিবার ফজরের দিকে উপজেলার ২নম্বর নদমুলা শিয়ালকাঠী ইউনিয়নের ভাওয়রিয়া-চরখালী আঞ্চলিক মহা সড়কের স্থানীয় মুনসুর হাওলাদারের পরিভ্রাতৃ ঘরের ওপর ট্রাকটি আছড়ে পড়ে। ওই ট্রাকের চালক বাবুল ইসলাম জানান, তিনি ও তার হেগপার রাহাত ২১৫ বস্তা ধান নিয়ে পটুয়াখালীর আমতলী থেকে যশোরের উদ্দেশ্যে রওনা হয়েছিলেন। সারারাত গাড়ি চালানোর কারণে ভোরের দিকে তিনি ক্লান্ত হয়ে ৩ এর পাতায় দেখুন

মেহেদিগঞ্জে শ্রমিক কল্যাণ ফেডারেশনের ট্রেড ইউনিয়ন প্রতিনিধি কর্মশালা

মুরে রাস্কি নাস্টন, মেহেদিগঞ্জ

মেহেদিগঞ্জে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে দিনব্যাপী ট্রেড ইউনিয়ন প্রতিনিধি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ৮টায় পাতারহাট বন্দরের উত্তর বাজারস্থ সংগঠনের অদ্বারী কালিয়ে এ কর্মশালার আয়োজন করা হয়। উপজেলা সভাপতি মুরে রাস্কি নাস্টনের সভাপতিত্বে ও সাবেক ছাত্রনেতা জাহিদ হাসান এর পরিচালনায় কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক লস্কর মোহাম্মাদ তসলিম। প্রধান অতিথির বক্তব্যে লস্কর মোহাম্মাদ তসলিম বলেন, শ্রমিক কল্যাণের মূল লক্ষ্য হলো দাঁদি ইলাভার কাজ করা ৩ এর পাতায় দেখুন

বর্ণাঢ্য আয়োজনে চার দিনব্যাপী পুলিশ সপ্তাহ শুরু হচ্ছে আজ

কীর্তনখোলা ডেস্ক

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে আজ (১০ মে) শুরু হচ্ছে পুলিশ সপ্তাহ ২০২৬। 'আমার পুলিশ, আমার দেশ, সবার আগে বাংলাদেশ'- প্রতিপাদ্যে চার দিনব্যাপী (১০-১৩ মে) উদযাপিত হচ্ছে এবারের পুলিশ সপ্তাহ। রোববার ৩ এর পাতায় দেখুন



আমতলীতে চাঁদাবাজি বন্ধের দাবিতে সংবাদ সম্মেলন

আমতলী প্রতিনিধি

আমতলীতে সিএনজি চালকদের নিকট থেকে পৌর শ্রমিক দল নেতা ও তার দোষরদের লক্ষ লক্ষ টাকা চাঁদাবাজী বন্ধ এবং বিএনপির সাবেক সভাপতির বিরুদ্ধে অপপ্রচারের বন্ধের দাবীতে শনিবার সকালে অর্ধশতাধিক সিএনজি চালকরা স্থানীয় ডাকবালোর হল রুমে সংবাদ সম্মেলন করেছে। সংবাদ সম্মেলনে তারা চাঁদাবাজী বন্ধ এবং বিএনপি নেতার বিরুদ্ধে অপপ্রচার বন্ধের দাবী জানান। লিখিত সংবাদ সম্মেলনে সিএনজি চালক মো, আমিরুল ইসলাম অভিযোগ করে বলেন, আমতলী পৌর শ্রমিক দলের সভাপতি মো, মিস্টন হাওলাদার মারধর এবং সিএনজি চালানো বন্ধের ৩ এর পাতায় দেখুন

পৈত্রিক ভিটায় ঘর তুলতে এতিম মেয়ের কাছে চাঁদা দাবি

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনার পাথরঘাটায় বাবার জমিতে ঘর তুলতে গেলে এতিম মেয়ের কাছে দুই লক্ষ টাকা চাঁদা দাবীর অভিযোগ উঠেছে সাবেক ইউনিয়ন বিএনপির সদস্য সচিব বাদশা আকবের বিরুদ্ধে। চাঁদার টাকা না পেয়ে চিপ হুইপের নাম ভাঙ্গিয়ে ঘর নির্মাণকারী কঠমিঞ্জি মারধর করে দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৭ মে) উপজেলার চরদুহানী ইউনিয়নে এ ঘটনা ঘটে। জানা গেছে- ওই ইউনিয়নের ফাতিমা জমাদ্দার অর্পা পৈত্রিক জমিতে ঘর তুলতে গেলে বিএনপি নেতা বাদশা আকব ও হারুন জমাদ্দার ২ লক্ষ টাকা চাঁদা দাবি করে। চাঁদার টাকা না পেয়ে অর্পা ও তার দুই শিশুর উপর হালা ৩ এর পাতায় দেখুন



বরিশালে শ্রমিক কল্যাণ ফেডারেশনের সদস্য সমাবেশ

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন বরিশাল জেলা শাখার উদ্যোগে সাংগঠনিক পক্ষ উপলক্ষে সদস্য সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৯ মে) বিকাল ৪টায় নগরীর একটি মিলনায়তনে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন ফেডারেশনের কেন্দ্রীয় কার্যকরী পরিদয় সদস্য ও বরিশালে জেলা সভাপতি এ্যাডভোকেট জহির উদ্দিন ইয়ামিন। অনুষ্ঠান সম্বলনা করেন জেলা সাধারণ সম্পাদক অধ্যাপক সাইফুল ইসলাম। এতে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক লস্কর মোহাম্মদ তসলিম। বিশেষ অতিথি ছিলেন ফেডারেশনের বরিশাল জেলা উপদেষ্টা ৩ এর পাতায় দেখুন



দীর্ঘদিনের জলাবদ্ধতা নিরসনে নগরীর রূপাতলী ২৪ নং ওয়ার্ডের বীরমুক্তিযোদ্ধা সড়কের রাস্তা ও ড্রেন নির্মাণের দাবিতে এলাকাবাসীর মানববন্ধন

-কীর্তনখোলা

দীর্ঘদিনের জলাবদ্ধতার দূর্ভোগ থেকে বাঁচতে চায় এলাকাবাসী

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর রূপাতলী এলাকার ২৪ নম্বর ওয়ার্ডের বীর মুক্তিযোদ্ধা সড়কে দীর্ঘদিনের জলাবদ্ধতা নিরসন, দ্রুত ড্রেন নির্মাণ এবং আর্থিক ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কারের দাবিতে মানববন্ধন করেছেন স্থানীয় বাসিন্দারা। শনিবার (৯ মে) সকাল ১১টায় সোনারগাঁও ট্রেনস্টাইলের বিপরীতে বীর মুক্তিযোদ্ধা সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে অংশ নেওয়া এলাকাবাসী বলেন, সামান্য বৃষ্টিতেই সড়কে ইটুসমান পানি জমে যায়। দীর্ঘদিন ধরে জলাবদ্ধতার কারণে চরম ৩ এর পাতায় দেখুন

কমিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

কমিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com